# তখন যীশু আসিলেন আর ডাকিলেন

যোহন লিখিত সুসমাচার, ১১তম অধ্যায়, ১৮তম পদ দিয়ে শুরু করে, আমি পড়তে চাই।

*বৈথনিয়া যিরূশালেমের সন্নিকট, কমবেশ এক ক্রোশ দূর:*

*আর যিহূদীদের অনেকে মার্থা ও মরিয়মের নিকটে আসিয়াছিল, যেন তাঁহাদের ভ্রাতার বিষয়ে তাঁহাদিগকে সান্ত্বনা দিতে পারে।*

*যখন মার্থা শুনিলেন, যীশু আসিতেছেন, তিনি গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন: কিন্তু মরিয়ম গৃহে বসিয়া রহিলেন।*

*মার্থা যীশুকে কহিলেন, প্রভু, আপনি যদি এখানে থাকিতেন, আমার ভাই মরিত না।*

*আর এখনও আমি জানি, আপনি ঈশ্বরের...কাছে যে কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।*

*যীশু তাঁহাকে কহিলেন, তোমার ভাই আবার উঠিবে।*

*মার্থা তাঁহাকে কহিলেন, আমি জানি, শেষ দিনে পুনরুত্থানে সে উঠিবে।*

*যীশু তাঁহাকে কহিলেন, আমিই পুনরুত্থান ও...জীবন: যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে:*

*আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না। ইহা কি বিশ্বাস কর ?*

*তিনি কহিলেন, হাঁ, প্রভু: আমি বিশ্বাস করিয়াছি যে, আপনি সেই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, জগতে যাঁহার আগমন হইবে।* (সেটি লক্ষ্য করুন!)

*তখন ইহা বলিয়া তিনি চলিয়া গেলেন, আর আপন ভগিনী মরিয়মকে গোপনে ডাকিলেন, কহিলেন, গুরু উপস্থিত, তোমাকে ডাকিতেছেন।*

2 আসুন আমরা প্রার্থনা করি। স্বর্গীয় পিতা, আমাদের হৃদয়ে সেই বাক্য নিশ্চিত করুন, আজ রাতে, যেমন আমরা এখন আপনার জন্য

অপেক্ষা করছি। আপনার বাক্য, আপনার দাস, আর পাঠ্য, সমস্তই আপনার কাছে সমর্পিত, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

আপনারা বসতে পারেন।

3 আমার এখানে থাকার উদ্দেশ্য হল ঈশ্বরের লোকদের সাহায্য করা। প্রার্থনা করা, এবং অসুস্থদের উপর হাত রাখা নয়, কিন্তু তারা যেন আমাদের মধ্যে যীশু খ্রীষ্টকে চিনতে পারেন, আমাদের মধ্যে ঈশ্বরের পুত্রকে। *তখন যীশু আসিলেন আর ডাকিলেন,* আমরা আজ রাতে এই বিষয়ে কথা বলব।

4 এখন আমরা যে সময়টির কথা বলছি, সেটি একটি খুব দুঃখজনক সময় ছিল। আপনি যদি কখনও আমাদের প্রভুর জীবনের কাহিনীটি পড়েন, আমরা দেখতে পাই যে তিনি লাসারের একজন খুব ভালো বন্ধু ছিলেন। তিনি ছিলেন...যোষেফের চলে যাওয়ার পরে, বা, তিনি চলে যাওয়ার পরে মার্থা, মরিয়ম এবং লাসারের সাথে বসবাস করতে এসেছিলেন। আর তারা খুব ভালো বন্ধু ছিল। তাদের...তিনি তাদের কাছে একজন পালকের মতো ছিলেন, একজন—একজন সত্যিকারের বন্ধু। আর তার জন্য একটি পোশাক তৈরী করেন, পরিধান করার জন্য একটি কোট, আমি বিশ্বাস করি, তারা দাবি করে, আর এটি বোনা হয়েছিল অখন্ডিত ভাবে। এবং তারা তাঁর জন্য অনেক কিছু করেছিল, কারণ তারা তাঁকে বিশ্বাস করেছিল। তাকে তারা—তারা বিশ্বাস করেছিল এবং তাকে দেখেছিল। তারা তাকে অনুসরণ করার জন্য মণ্ডলী ছেড়েছিল, আরও অনেক কিছু। আর সেই সময়ে এটি অনেক বড় বিষয় ছিল, যার শাস্তি মৃত্যুও হতে পারত, এর—এর থেকে বেরিয়ে আসা।

5 কিন্তু, যীশু, এই লোকটি যিনি ঘুরে বেড়াচ্ছিলেন, তাদের দাবি অনুসারে, তাদের মণ্ডলী ভেঙ্গে ফেলছিলেন, আর তাদের যাজকদের বিরুদ্ধে কথা বলছিলেন, আর—আর ইত্যাদি, তিনি—তিনি তাদের অনেক ক্ষতি করেছিলেন, তারা ভেবেছিল। আর—আর তাকে স্বীকার করলে এমনকি তাদের সমাজ-গৃহ থেকে—থেকে বের করে দেওয়া হত। তারপরে আপনি যদি মণ্ডলী থেকে বের হন, তারা—তারা মনে করত আপনার পরিত্রাণের কোন—কোন সুযোগ নেই। আপনি যদি তাদের একটি সম্প্রদায়ের অন্তর্ভুক্ত না হন, যেমন ফরীশী, সদ্দূকী বা অন্য কিছু, আপনি যদি এর বাইরে থাকেন তবে সেখানে পরিত্রাণ ছিল না। আর যদি তাদের কাছে অধিকার থাকে, চাবিকাঠি, তারা চাইলে আপনাকে বের করে দিতে পারে। এটা তাদের নিজস্ব বক্তব্য ছিল। এতে অবাক হওয়ার কিছু নেই যে,

যীশু বলেছেন, “তোমরা, এইরূপে তোমাদের সমর্পিত পরম্পরাগত বিধি দ্বারা তোমরা ঈশ্বরের বাক্য নিষ্ফল করিতেছ।” দেখুন ?

6 আর এখন এটি আবার পুনরাবৃত্তি হচ্ছে, কারণ আমরা সবাই জানি ইতিহাস বারবার পুনরাবৃত্তি করে। আর এটা—এটা বলা দুঃখজনক, কিন্তু এটি পুনরাবৃত্তি করার ভবিষ্যদ্বাণী করা হয়েছিল, এবং এটি পুনরায় সেটা করেছে।

আমরা দেখতে পাই যে যীশুর বিষয়ে ভালো করে চিন্তা করা হয়নি।

7 অনেক সময়, লোকেরা সেই লোকটিকে বিচার করতে চান যিনি তাদের সাথে একমত নন। আমাদের এটা করা উচিত নয়। আমরা একে অপরের সাথে দ্বিমত পোষণ করতে পারি, তবুও বন্ধুত্বপূর্ণ থাকতে পারি। আমি যদি একজন ব্যক্তির সঙ্গে একমত হতে না পারি, তবুও তাকে ভালবাসি এবং তার জন্য প্রার্থনা করি, আর তাকে অসম্মতি জানান-...তার সাথে শাস্ত্রের ভিত্তিতে, এবং আরও ভাল জ্ঞানের জন্য, আমি তাকে কিছু বলব না। আমি সবসময় তার সাথে একমত হতে চাই, বন্ধুত্বপূর্ণ, কারণ আমি তাকে ভালোবাসি, আর আমি—আমি অবশ্যই তাকে হারিয়ে ফেলতে চাই না। আর তার আমার সাথে একই জিনিস করা উচিত; আমরা হারিয়ে যেতে চাই না। আর বাক্য যা বলে তার উপর আমাদের চিন্তাভাবনা ভিত্তি করতে হবে। বাক্য সত্য হতে দিন। আমাদের ধর্ম বা আমাদের ধর্মমত কি সেটা নয়, কিন্তু তিনি যা বলেন; কোন ব্যক্তিগত ব্যাখ্যা নয়, শুধু বাক্য যা বলে।

8 অন্য এক রাতে, আমি কিছু করেছিলাম আর এটি অপবিত্রকর বলে মনে হয়েছিল, আমি বিশ্বাস করি এটি অন্য একটি সকালে সেবকদের প্রাতঃরাশে হয়েছিল। আমি যীশুকে বিচারে ফেলে দিই। আমি বলেছিলাম, “তখন তারা যেমন করেছিল, আজও তারা তাই করছে।” এক মুহুর্তের জন্য আমি এটা পুনরাবৃত্তি করলে হয়তো ভালো হবে, যদি আমাদের হাতে সময় থাকে। এখন, আমি বলেছিলাম, আজ আমরা এটি খুঁজে পাই...

9 লুথারের সংস্কারে, তিনি, সেই সময়ে, তিনি বলেছিলেন যে ধার্মিকরা বিশ্বাসের দ্বারা জীবিত থাকবে। “একজন ব্যক্তি যিনি বিশ্বাস করেন, তিনি, সেটা পেয়েছেন।” কিন্তু আমরা খুঁজে পাই যে তাদের মধ্যে অনেকেই বলে যে তারা বিশ্বাস করেছে, আর এটা পান নি।

10 জন ওয়েসলির—এর দিনগুলিতে, যদি তারা দ্বিতীয় আশীর্বাদ পেয়ে থাকে, তারা এটিকে বলেন, পবিত্রকরণ, সম্পূর্ণ পবিত্রকরণ, তারা খুশি হয়ে চিৎকার করে উঠে। "সবাই চিৎকার করে উঠে, এটা পেয়েছে।" কিন্তু তারা জানতে পেরেছিল যে তাদের কাছে এটি নেই। তাদের মধ্যে অনেকেই চিৎকার করেছিল, আর এটা পান নি।

11 পঞ্চাশত্তমীর দিন, তারা বলেছিল, "এখন দান পুনরায় এসেছে, আত্মার বাপ্তিস্ম। যিনি অন্য ভাষায় কথা বলেন, তিনি এটা পেয়েছেন।" আমরা খুঁজে পাই যে অনেকেই অন্য ভাষায় কথা বলেছিলেন, আর এটি পান নি।

12 তাই তারা বলে, "ঠিক আছে, এটাই আত্মার ফল।" ওহ, না, আত্মার ফল নয়। খ্রীষ্টিয় বিজ্ঞানের সেটা আছে, যেখানে কমই... প্রেম হল আত্মার ফল। তারপর, এবং তাদের কাছে অন্যদের থেকে বেশী প্রেম আছে, আর যীশু খ্রীষ্টকে ঈশ্বর বলতে অস্বীকার করে; শুধু তাঁকে একজন ভাববাদী বলে, একজন সাধারণ মানুষ। দেখুন ? তাই এটা করে না।

13 আমাকে সেটা এক মিনিট প্রশ্ন করতে দিন। যীশুকে বিচারের জন্য নেওয়া যাক। আর এই বেদী থেকে এই বক্তব্যের জন্য ঈশ্বর আমাকে ক্ষমা করুন, কিন্তু আমি এক মিনিটের জন্য তার বিরুদ্ধে হতে যাচ্ছি, শুধু আপনাদের আলোতে আনতে। দেখুন ?

14 "এখন আমি আজ রাতে এখানে আপনাদের পেয়েছি; আমি আপনাদের সাথে কথা বলছি। আমি..." (এটি অন্য দিনে, যখন নাসরতীয় যীশু পৃথিবীতে ছিলেন।) "আমি আপনাদের কাছে এসেছি, আর এই ব্যক্তি, নাসরতীয় যীশুর বিরুদ্ধে আপনাদের সাথে যুক্তি করতে এসেছি। এখন আমরা সবাই জানি যে ঈশ্বর প্রেম। বাইবেল বলে যে তিনি তাই। ঠিক আছে, এবং প্রেম, আত্মা হল ধৈর্যশীলতা, ভদ্রতা, ধৈর্য, নম্রতা, এবং আরও অনেক কিছু এবং ভালবাসা। এখন আমি বলি, আমি আপনাদের কিছু জিজ্ঞেস করতে চাই। আমরা যা জানি—আমরা তা নিব, একজন খ্রিস্টান।

15 "আপনাদের এই বৃদ্ধ যাজককে দেখুন। তাঁর প্র-প্র-প্র-প্রপিতামহ একজন যাজক ছিলেন। তাকে লেবীয়দের সেই বংশে জন্মগ্রহণ করতে হয়েছিল, যাজক হওয়ার জন্য। আমরা খুঁজে পাই, এখন, আপনাদের মতো তার একটি যুবকের জীবন ছিল না। তিনি কি করেছিলেন ? তিনি নিজেকে বলিদান করেছিলেন, তিনি সেখানে বাক্য অধ্যয়ন করার জন্য ছিলেন, ঈশ্বরের বাক্য। তিনি দিনরাত, দিনরাত, এর অধ্যায়ণ করেন, এর প্রতিটি অক্ষর তাকে

জানতে হয়, শাস্ত্রের প্রতিটি শব্দ। তাকে এগুলো মুখস্থ করতে হয়। তিনি—তিনি, এই বিষয়ে সবকিছু তাকে অবশ্যই জানতে হবে।

16 “আর তারপর, তা ছাড়া, যখন আপনার পিতা আর মাতা বিবাহিত হন, তখন কে তাদের স্বামী-স্ত্রী হিসাবে একসাথে করেন? আপনার ধার্মিক বৃদ্ধ যাজক। আপনার পিতার কাছে কে এসেছিলেন যখন তার প্রয়োজন ছিল আর তার খামারে কিছু টাকা বকেয়া ছিল, বন্ধকদাতা এটা নিতে যাচ্ছিল? কে তার পাশে দাঁড়িয়েছিল? আপনার দয়ালু বৃদ্ধ যাজক। আপনার জন্মের সময় ঘরে আপনার মায়ের পাশে কে দাঁড়িয়েছিল? দয়ালু বৃদ্ধ যাজক। আপনি অসুস্থ এবং অভাবগ্রস্ত হলে কে আপনার কাছে আসে? আপনার দয়ালু বৃদ্ধ যাজক। কে আপনাকে আশীর্বাদ করেছিল এবং আপনাকে ঈশ্বরের কাছে সমর্পণ করেছিল এবং অষ্টম দিনে আপনার ত্বক্‌ছেদ করেছিল? আপনার দয়ালু পুরানো পুরোহিত। আপনার বাবা-মা যখন ডিভোর্স দিতে যাচ্ছিল, তখন কে তাদের একসাথে এনেছিল, একসাথে ধরে রেখেছিল? আপনার দয়ালু বৃদ্ধ যাজক। প্রতিবেশীদের ঝামেলা হলে কে তা সমাধান করে? আপনার দয়ালু বৃদ্ধ যাজক। অবশ্যই।

17 “এখন এই ধরনের বৃদ্ধ যাজক জানেন যে বাইবেল বলে যে ঈশ্বরের একটি বলিদানের জন্য একটি মেষশাবকের প্রয়োজন। আপনাদের মধ্যে অনেক পুরুষ ব্যবসায়ী, তাই আপনারা মেষ পালন করেন না, তবুও ঈশ্বরের একটি মেষ চান। তারা সেখানে কিছু দোকান তৈরি করে, তারা তাদের মেষ বিক্রি করে যাতে ব্যবসায়ী—ব্যবসায়ীরা সেখানে গিয়ে কিনতে পারে, তাদের আত্মার জন্য একটি বলিদান, যা ঈশ্বরের প্রয়োজন।

18 “এই যুবক কে, যার নাম যীশু? সে কোথা থেকে এসেছে? বলল সে কুমারী থেকে জন্মেছে। এমন নিরর্থক কথা কে শুনেছে? আমরা জানি যে তার মা তার তাকে আগে জন্ম দিয়েছিল এবং যোষেফের জন্মগ্রহণের, বা, তার এবং যোষেফের বিবাহিত হওয়ার পূর্বে, তিনি জন্মগ্রহণ করেছিলেন। এখন আমরা খুঁজে পাই যে তিনি—তিনি একটি বদনাম নিয়ে শুরু করেন।

19 “তার কোন সদস্যপদের কার্ড আছে? তিনি যদি একজন ধার্মিক মানুষ হন, তবে তিনি কোন দলের সাথে যোগ দিয়েছিলেন? যখন আপনাদের যাজকরা অধ্যয়ন, অধ্যয়ন, অধ্যয়ন, অধ্যয়ন, অধ্যয়ন করেন সেই বাক্যটি জানার জন্য; এখানে তিনি আসেন, তিনি যা তৈরি করেছেন তা ভেঙে ফেলে। আপনি কি তাকে ‘সৃষ্টিকর্তা’ বলবেন? অবশ্যই না।

20 "এখন, অন্য দিন, যখন আপনার যাজক সেই জায়গাটি সেখানে তৈরি করেছিলেন, সেই...যেখানে আপনি বলিদান ক্রয় করতে পারেন, এই যুবক কি করেছিলেন? অনুগ্রহ? তিনি প্রহার করলেন, কিছু দড়ি একত্রে করে, কিছু শণ আর চামড়া, আর রাগের সাথে লোকদের দিকে তাকালেন; সেই টেবিলের উপর লাথি মেরে, তাদের সেখান থেকে বের করে দেন। আর আপনি সেটাতে আত্মার ফল বলেন, তাদের দিকে তাকিয়ে, রাগের সঙ্গে? আর, দেখুন, সেই ব্যক্তিকে যিহোবার উপাসনা করার সুযোগ থেকে বঞ্চিত করা! ব্যবসায়ীরা তার উপাসনা করতে চায়; তিনি মেষ পালন করেন না, এবং তিনি তা কিনতে সেখানে গিয়েছিলেন। আর তিনি এটাকে উল্টে দেন, আর তাদের লাথি মারেন, আর তাদের তাড়িয়ে দেন।"

21 সেখানে কার আত্মার ফল আছে? উম-হুম। দেখুন? সেখানে এটা। দেখুন, আত্মার ফল নয়, অন্য ভাষায় কথা বলা নয়, চিৎকার করা নয়।

22 আপনারা বলেন, "তাহলে ভাই ব্রানহাম, এর প্রমাণ কি? এর প্রমাণ কি?" সেই সময়ে বাক্যের সত্যায়ন।

23 তাদের কাছে বাইবেল ছিল। যিহোবা যা বলেছেন ঠিক তাই ঘটবে। এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই। এটা সেখানে ব্যাখ্যা করা হয়। সেখানে আপনাদের যাজক ছিলেন, সেখানে তাদের সবকিছু ছিল, আর অন্য সবকিছু ঠিক তাই নিয়মিত এবং সবকিছু, কিন্তু তবুও তারা বাক্য দেখতে ব্যর্থ হয়। আর তিনি সেই বাক্যকে সেই যুগের জন্য জীবিত করে তুলেছিলেন। এটাই সেই যুগের প্রমাণ।

24 লুথারের কাছে তার যুগের প্রমাণ ছিল, ওয়েসলি তার যুগের, পেন্টিকোস্ট তার যুগের, কিন্তু আমরা অন্য যুগে আছি। ওই বিষয়গুলি ভালো। কিন্তু শিশুর মতো, একটি আঙুল, একটি চোখ, নাক পেয়েছে, কিন্তু কিছুক্ষণ পর তাকে মানুষ হতে হবে। তাকে হতে হবে একটি—একটি পরিপক্ক শিশু; তারপর জন্ম হয়ে, প্রাণ, শরীর, আত্মা, ঘুরে বেড়াতে পারে।

25 এখন আমরা খুঁজে পাই যে, এই সবই, যীশু ঘোষণা করেছিলেন, আর মাত্র কয়েকটি, যাদেরকে তিনি জীবনের জন্য নির্ধারিত করেছিলেন, শুধু তারাই তাঁকে দেখেছিলেন। বড় ভিড় নয়; তার ভিড় কখনই কায়াফার ভিড়ের মতো নয়। কেন, কায়াফা সমগ্র জাতিকে একত্রিত করতে পারতেন। যীশু মাত্র কয়েকজনকে একসাথে আহ্বান করেছিলেন। অনেকেই তাঁকে চিনত না। হাজার হাজার বার, যখন তিনি পৃথিবীতে এসেছিলেন, তিনি পৃথিবীর মধ্য

গমনাগমন করেছিলেন, আর তারা কখনও জানতে পারে নি যে তিনি এখানে আছেন।

26 আবার সেটাই হবে! যাদের জীবনে আহ্বান করা হয়েছে তিনি তাদের কাছে আসবেন। তিনি জানেন কাকে জীবনে আহ্বান করা হয়েছে। এবং তিনি করবেন না...এটা যত্ন নেওয়ার তার কাজ।

27 এখন আমরা লক্ষ্য করি যে তখন তারা গির্জা থেকে বেরিয়ে আসে এবং তারা তাঁকে বিশ্বাস করেছিল। বাক্য তাঁর বিষয়ে যা কিছু বলেছিল, তিনি সেখানে ছিলেন।

28 আর একদিন তিনি তাদের বাড়ি ছেড়ে চলে গেলেন। আমি তিনটি বিষয় কথা বলতে চাই: যীশু চলে গেলেন; মৃত্যু প্রবেশ করল; এবং সকল আশা চলে যায়। আমি কয়েক মিনিটের জন্য এই তিনটি বিষয়ে কথা বলতে চাই।

29 যীশু চলে গেলেন। আর যখন তিনি চলে গেলেন, বিপত্তি চলে আসে। আর যখন তিনি আপনাকে ছেড়ে যান, অথবা আপনার বাড়ি যেখানে আপনি বাস করেন, সমস্যা তার পথে চলে আসে। যীশু চলে গেলে শয়তান একটি খোলা দরজা পেয়ে যায়।

30 তিনি গিয়েছিলেন, এবং যখনই—এবং যখনই তিনি তা করলেন, তখন মৃত্যু এসে গেল। আর যীশু যখন বাইরে গেলেন, মৃত্যু প্রবেশ করল। তাঁর কাছ থেকে বিচ্ছিন্ন হওয়া মৃত্যু, তাই যীশু যখন বেরিয়ে গিয়েছিলেন তখন মৃত্যু প্রবেশ করে।

31 আর মৃত্যু লাসারের সাথে অবস্থান করে। আর যাকে তারা বিশ্বাস করেছিল এবং ভালবাসত, তারা লাসারের জন্য প্রার্থনা করতে তাকে ডেকে পাঠিয়েছিল, কারণ তারা তাঁকে দেখেছিল এবং জানত যে তিনি ঈশ্বরকে জানেন, "যাই হোক, ঈশ্বর..." মার্থা সেখানে এটি প্রকাশ করেন, "আপনি ঈশ্বরের কাছে যে কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।" সে জানতে পেরেছিল যে তিনি এবং ঈশ্বর এক। তিনি সেই সময়ের বাক্য ছিলেন, তাই সে তা চিনতে পেরেছিল। আর সে জানত, যদি সে কখনো তার সাথে সাক্ষাৎ করতে পারে, কিন্তু তিনি চলে গিয়েছিলেন আর তারা তাকে ধরে রাখতে পারেনি। আর তারা তাঁকে ডেকে পাঠাল, আর তিনি ফিরে আসার পরিবর্তে, তিনি আরও এগিয়ে গেলেন। আর তারপর তারা আবার ডেকে পাঠাল, আর তিনি ফিরে আসার পরিবর্তে, তিনি আরও এগিয়ে গেলেন।

32 মাঝে মাঝে আমরা ভাবি কেন এমন হয়, কিন্তু শাস্ত্র কি তা বলে না যে, "তাহাদের পক্ষে সকলই মঙ্গলার্থে একসঙ্গে কার্য্য করিতেছে,

যাহারা ঈশ্বরকে প্রেম করে" ? তিনি জানেন তিনি কি করছেন। যদি তিনি বিলম্ব করেন, তাহলে সব ঠিক আছে। তিনি জানেন তিনি কি করছেন। সেখানে একটি উদ্দেশ্য ছিল।

33 আমরা খুঁজে পাই যে তিনি বলেছেন, যোহন লিখিত সুসমাচার ৫:১৯, "সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, পুত্র আপনা হইতে কিছুই করিতে পারেন না, কেবল পিতাকে যাহা করিতে দেখেন, তাহাই করেন।"

34 পিতা তাকে বলেছিলেন দূরে চলে যেতে, আর এত দিন দূরে থাকতে। দিনগুলি সম্পন্ন হওয়ার পরে, তারপর তিনি যা বলেছিলেন তা বললেন, যে, "আমাদের বন্ধু লাসার নিদ্রা গিয়াছে।"

আর তিনি বলেছিলেন, "ভাল, তিনি ভাল আছেন।"

35 তিনি বলেছিলেন, "সে মরিয়াছে। আর তোমাদের নিমিত্ত আনন্দ করিতেছি যে, আমি সেখানে ছিলাম না।" কারণ, তারা তাকে (যীশু) তার (লাসার) কাছে নিয়ে আসার চেষ্টা করছিল, তাকে আরোগ্যপ্রদান করার জন্য অথবা কি করতে হবে তা বলার জন্য। কিন্তু তিনি জানতেন কি করতে হবে, তাই তিনি ঠিক তাই করেন যা করতে তিনি নির্ধারিত ছিলেন: দূরে থাকেন। তিনি ফিরে আসার পর যদি আপনি তাকে কবরের কাছে লক্ষ্য করেন। তিনি প্রকাশ করেছিলেন যে তিনি ফিরে এসে এই বাড়িটি খুঁজে পেয়েছিলেন।

36 সকল আশা শেষ হয়ে গেছে। লাসার মারা গিয়েছিল। প্রতি ঘণ্টায় তারা ভাবতে থাকে, "তিনি ঘটনাস্থলে আসতে পারেন। তিনি ঘটনাস্থলে আসতে পারেন। তিনি হয়তো ফিরে আসতে পারেন।" অবশেষে, সে মারা যায়, নিঃশ্বাস ত্যাগ করে।

37 তারা গিয়ে তার শরীর থেকে রক্ত নিয়ে তাকে সুগন্ধিযুক্ত করল, তাকে মসীনা বস্ত্রে, সুগন্ধি দ্রব্য দিয়ে মুড়ে তাকে সুগন্ধিযুক্ত করে কবরে শুইয়ে দিয়ে, কবরের উপর একটি পাথর রেখে দিল, এটি ছিল তাদের কবর দেওয়ার রীতি। মাটিতে একটি গর্ত, হয়তো পাথরের উপর, আর তার উপরে একটা পাথর রেখে দেওয়া, এটাই ছিল তাদের রীতি।

38 প্রথম দিন চলে যায়, দ্বিতীয় দিন চলে যায়, তৃতীয় দিন চলে যায়, চতুর্থ দিন চলে যায়, লোকটি ইতিমধ্যেই কবরে পচে যেতে শুরু করে। সম্ভবত তার নাক পচে গিয়েছিল। যেটা, আমি মনে করি যে প্রথম জিনিস যা পচে যায়, তা হল নাক। আর সে ইতিমধ্যে পচে

গিয়েছিল। তার—তার মাংস পৃথিবীর ধূলিকণায় ফিরে যায়। তার আত্মা কোথাও চারদিনের যাত্রায় ছিল, তার কাছ থেকে।

39 এই জীবনে তাকে পুনরায় দেখার সমস্ত আশা শেষ হয়ে গিয়েছিল। আর তারপর যখন সমস্ত আশা শেষ হয়ে যায়...তারা অপেক্ষায় ছিল, "তিনি যদি প্রথম দিন আসেন, দ্বিতীয় দিন!" না। তখন তিনি মারা যান, আর তিনি আসেননি। তারপর হতাশা নেমে আসে।

40 কিছুক্ষণ পর কেউ নিশ্চয়ই তাকে বলেছিল, "প্রভু বাইরে আছেন।" এখানে মার্থা রাস্তায় চলে আসেন!

41 যীশু সেই অন্ধকার সময়ে এসেছিলেন যখন সমস্ত আশা শেষ হয়ে গিয়েছিল। তখন সাধারণত তিনি আসেন। দেখুন? তিনি ঠিক সেই অন্ধকার সময়ে আসেন, তখন যীশু দৃশ্যে আসেন।

42 এখন দেখুন, তিনি এসে মার্থাকে ডাকলেন। তার উপস্থিতি নতুন আশা নিয়ে আসে। ছেলেটি মারা গেলেও তার উপস্থিতি নতুন আশা নিয়ে আসে।

43 আমার বন্ধু, আপনি হয়তো আজ রাতে এখানে বসে আছেন, যেখানে ডাক্তাররা আপনাকে ছেড়ে দিয়েছেন, ক্যান্সার, হার্টের সমস্যা নিয়ে। হয়তো চেয়ারে, পঙ্গু হয়ে, সকল বিজ্ঞান বলেছে আপনার জন্য কোনো আশা নেই; আপনার—আপনার—আপনার হাড়ে ক্যালসিয়াম জমে—জমে গিঁট সৃষ্টি করেছে, আপনি আর তাদের ভাঁজ করতে পারেন না। অথবা, হয়ত আপনার—আপনার হার্টের সমস্যা রয়েছে, ডাক্তার বলেছেন আপনি যে কোনো মুহূর্তে চলে যেতে পারেন। ওহ, ক্যান্সার এবং যক্ষ্মা রোগীদের একটি বড় দল, সম্ভবত আপনাদের শেষ আশা রয়েছে, আর মনে হচ্ছে ডাক্তার আপনাকে প্রত্যাখ্যান করেছেন। তবুও, যীশু খ্রীষ্টের উপস্থিতি স্বীকার করা এবং উপস্থিতির মধ্যে থাকা, পুনরায় আশা নিয়ে আসে।

44 এমনকি কেউ হয়ত এর নাম আপনাকে বলতে পারে। হয়তো আপনি এটি আগে কখনও শোনেননি, কিন্তু কাউকে বলতে দিন, "আমি জানি সেখানে একটি মণ্ডলী আছে, তারা ঈশ্বরে বিশ্বাস করে এবং অসুস্থদের জন্য প্রার্থনা করে," দ্রুত (এখন, আপনি মৃত্যু শয্যায় রয়েছেন। দেখুন?), নতুন আশার জন্ম হয়। এটা সবসময় হয়। সেই অন্ধকার সময়ে, এটি সাধারণত যখন কেউ এই বিষয়ে কিছু বলে, আপনাকে যীশুর বিষয়ে বলে। তার উপস্থিতি নতুন আশা নিয়ে আসে।

45 এটি আজ রাতে একই জিনিস করুক, যেমনটি গত রাতে করেছিল। যখন আমরা সেই প্রমাণিত বাক্যকে কোনো সন্দেহের ছায়ার বাইরে দেখি, তখন তা প্রকাশ পায় এবং প্রমাণিত হয় যে *সেই* যীশু যিনি উনিশ শত বছর আগে জীবিত ছিলেন, যিনি কালভেরীতে মারা গিয়েছিলেন, তৃতীয় দিন জীবিত হয়েছেন, আর সেই শিষ্যদের কাছে দেখা দিয়ে তাঁদের চোখ খুললেন, এবং দিনের এই প্রতিশ্রুতি দিয়েছেন, আজ রাতে এখন এখানে আমাদের উপস্থিতিতে আছে, এটা মানুষের কাছে আশা নিয়ে আসতে বাধ্য। নতুন আশা জাগিয়ে তোলে।

46 হয়তো কেউ বলেছেন, "মণ্ডলী কিছু সময়ের জন্য শুষ্ক হয়ে গেছে। আমাদের কাছে কয়েক—কয়েক—কয়েক মাসের জন্য কোন বিশুদ্ধ ভালো জল ছিল না। আমাদের কোন পুনরুজ্জীবন ছিল না। মনে হচ্ছে সকলেই নিশ্চল, অথবা অন্য কিছু। আমরা শুধু মণ্ডলীতে গিয়ে একটি স্তোত্র গাই, আর—আর কয়েকটি বার্তা শুনে ফিরে যাই।" কিন্তু হঠাৎ করেই, যখন আমরা শুকিয়ে যেতে শুরু করি, তখন যীশু ঘটনাস্থলে উপস্থিত হন, আমাদের সতেজ করে, আমাদের কাছে নতুন কিছু নিয়ে আসে। এটা করার জন্য তিনি সবসময় আছেন। নতুন আশা আসে যখন—যখন যীশু আসেন। তাঁর উপস্থিতি নতুন আশা নিয়ে আসে।

47 সে জানত যে তিনি ছিলেন ঈশ্বরের সেই প্রকাশিত বাক্য। সে সেই যুগটি দেখেছিল। যদি সে না দেখত, সে তখনও পরম্পরাতে থাকত। সে তখনও মণ্ডলীর অন্তর্গত হত। কিন্তু সে সেই প্রতিশ্রুত বাক্য দেখেছিল। সে দেখেছিল যে প্রতিশ্রুত বাক্য তাঁর [যীশু—অনুবাদক] দ্বারা প্রকাশিত হয়েছে আর সে জানত যে তিনি সেই জীবন্ত বাক্য। আর যখন সে এই বিষয়ে শুনেছিল, তখন কতজন তার সমালোচনা করে তার সে পরোয়া করেননি, আর কি করেছিল, সে তার জন্য যতটা সম্ভব দ্রুত বেরিয়ে পরে। দেখুন ? সে জানত যে তিনি সেই প্রকাশিত বাক্য।

48 কোন সন্দেহ নেই সে এলিয় এর সময়ের বিষয়ে পড়েছিল। এখন, তিনি ছিলেন সেই সময়ের ঈশ্বরের প্রকাশিত বাক্য। তিনি একজন ভাববাদী ছিলেন, আর প্রভুর বাক্য ভাববাদীর কাছে আসে। আর সেখানে একজন মহিলা ছিলেন যার একটি ছোট বাচ্চা ছিল যা সে আশীর্বাদ দ্বারা পেয়েছিল ভাববাদী তাকে আশীর্বাদ করেছিলেন এবং তার সন্তান হয়েছিল।

49 একদিন, প্রায় এগারোটার সময়, সে হয়ত সূর্যের তাপে অসুস্থ হয়ে পড়ে। সে তার বাবার সাথে মাঠে ছিল, বাইবেল এটি বলে নি,

ধরুন এটি সূর্যের তাপের ফলে অসুস্থতা, কিন্তু সে কাঁদতে শুরু করে, "আমার মাথা! আমার মাথা!" দিনের বেলা প্রায় এগারোটায়। আর তার বাবার একজন চাকর ছিল, তাকে বাড়িতে নিয়ে যাওয়ার জন্য। সে প্রায় দুপুর পর্যন্ত মায়ের কোলে শুয়েছিল, আরও অসুস্থ হয়ে পড়তে থাকে এবং অবশেষে মারা যায়।

50 আর এখন, হতাশা না হয়ে, সেই...প্রতিবেশীরা সবাই চিৎকার করে চলে আসে, কিন্তু সেই অবিচলিত মা, তার শিশুটি মারা গিয়েছিল, সে সেই ছোট্ট ঘরে তাকে তুলে নিয়ে যায় যেটি সে ভাববাদীকে দিয়েছিল, এবং তাকে তার বিছানায় *এইভাবে* শুইয়ে দিল। আর সে চাকরকে বলল, "আমার জন্য গর্দ্দভ সাজাও, আর তুমি সোজা চল, আর আমি তোমাকে না বললে তুমি থামবে না।" ওহ, আমার! এটাই!

51 আমাদের তর্ক-বিতর্ক করার সময় নেই। এটি সেই দিনের পরে। এগিয়ে যাওয়া যাক। আমাদের সেখানে পৌঁছাতে হবে। আমাদের প্রয়োজন আছে।

52 আর তাই সে বলল, "তুমি এগিয়ে যাও, এবং আমি আপনাকে নির্দেশ না দিলে তুমি তোমার চালনা শিথিল করবে না।" আর তারা এলিয় এর কাছে না পৌঁছানো পর্যন্ত চলতে থাকল।

53 এলিয়, ঈশ্বরের একজন লোক হয়ে, খ্রীষ্টের মত ছিলেন না; খ্রীষ্ট সব কিছু জানতেন, কারণ তিনি ঈশ্বর ছিলেন। এলিয় ঈশ্বরের একটি অংশ ছিল। সেটা ছিল এলিয় এর মধ্যে খ্রীষ্ট। আর এটি ছিল সেই সময়ের বার্তা, কারণ সেই সময়ের জন্য প্রভুর বাক্য সেই ভাববাদীর সাথে ছিল।

54 যীশু সেই সমস্ত ভাববাদীদের পূর্ণতা ছিলেন, তাদের প্রত্যেকেই কেবল তাঁকেই প্রকাশ করেছিলেন। এটাই। যোষেফের কাছ থেকে, ত্রিশটি রূপার টুকরা থেকে, সর্বত্র, তিনি—তিনি খ্রীষ্টকে চিত্রিত করেছেন। মোশিও তাই করেছেন!

55 দায়ূদ, পাহাড়ের উপরে একজন প্রত্যাখ্যাত রাজা হিসাবে বসে, তিনি প্রত্যাখ্যাত হওয়ায় কাঁদছিলেন। এর আটশত বছর পর, দায়ূদের পুত্র একটি পাহাড়ে বসলেন। সেখানে দায়ূদের মধ্যে খ্রীষ্টের আত্মা ছিল। এবং তিনি...আমার! তিনি দায়ূদের মূল ও বংশ উভয়ই ছিলেন। আর তাই তিনি প্রত্যাখ্যাত রাজা হিসাবে কাঁদতে কাঁদতে পাহাড়ে অবস্থান করলেন, "যিরূশালেম, যিরূশালেম, কুক্কুটী যেমন আপন শাবকদিগকে পক্ষের নীচে একত্র করে, তদ্রূপ আমিও কত

বার তোমার সন্তানদিগকে একত্র করিতে ইচ্ছা করিয়াছি।” এটা কি ছিল ? সেখানে এটা খ্রীষ্ট ছিল।

56 দায়ূদ যখন স্তবটি লিখেছিলেন তখন খ্রীষ্ট কাঁদছিলেন, “ঈশ্বর আমার, তুমি কেন আমাকে পরিত্যাগ করিয়াছ ? আমার অস্থি সকল, আমার প্রতি দৃষ্টি করিয়া চাহিয়া থাকে। তাহারা আমার হস্তপদ বিদ্ধ করিয়াছে। তাহারা আপনাদের মধ্যে আমার বস্ত্র বিভাগ করিয়াছে। আমার পরিচ্ছদের জন্য গুলিবাঁট করে।” সেটা খ্রীষ্ট কথা বলছেন দায়ূদের মধ্যে থেকে। সেটা ঠিক। তিনি ছিলেন বাক্যের বহিঃপ্রকাশ। খ্রীষ্ট এসেছিলেন তাদের সেই বিষয়গুলি পূরণ করতে যা ভাববাদীদের দ্বারা বলা হয়েছিল, কারণ বাক্য ভাববাদীদের সঙ্গে ছিল।

57 তিনি গত রাতে পাঠে সেটা বলেছেন, যে ভাববাদীরা তাঁর বিষয়ে যা বলেছিলেন তা পূরণ করতে তিনি এসেছেন, কারণ তাদের কাছে বাক্য ছিল। এবং এলিয় ছিলেন ঈশ্বরের ভাববাদী, সেই দিনের কথা।

58 তাই শূনেমীয়া মহিলাটি সেই ভাববাদীর সাথেই ছিল যতক্ষণ না তিনি এসে ঈশ্বরের শক্তি প্রকাশ করেন, এবং নিজেকে শিশুর উপর শুইয়ে দিল, এবং শিশুটি জীবিত হল।

59 এখন মার্থা নিশ্চয়ই এটা চিনতে পেরেছিল, যদিও সে ঘরের দেখভাল, থালা-বাসন ধোয়া ইত্যাদি কাজে ব্যস্ত ছিল। কিন্তু সেখানে সে তার স্বভাব দেখাল। সে সত্যিই দেখিয়েছিল তার মধ্যে কি আছে। সে অবিলম্বে তাকে আনতে গিয়েছিল। ঈশ্বর যদি এলিয়ের মধ্যে ছিলেন, তাহলে ঈশ্বরকে খ্রীষ্টের মধ্যে থাকতে হবে, কারণ তিনি প্রমাণ করেছিলেন যে তিনিই সেই ব্যক্তি। আমেন। আমার সেটা ভালো লাগে, সেই সংকল্প! সে তার কাছে আসে। তাকে তাঁর কাছে যেতে হয়েছিল। আর সে সেখানে খুঁজে পায়, যখন সে তাঁর—তাঁর কাছে পৌঁছায়; এখন মনে রাখবেন, জানতে পারেন যে তিনি কখনও পরিবর্তন হননি, ঈশ্বর কখনই তার কর্মসূচি পরিবর্তন করেন না। যদি তিনি এলিয় এর মধ্যে হয়ে মৃতদের জীবিত করতে পারতেন, তিনি খ্রীষ্টের মধ্যে থেকে মৃতদের জীবিত করতে পারেন, যদিও তিনি তা করেননি, কারণ তিনি সেই একই ঈশ্বর।

60 তিনি এখনো বদলাননি! আজ রাতে যেমন তিনি ঈশ্বর ঠিক তেমনই তিনি ছিলেন। তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। তিনি অপরিবর্তনীয়।

61 আর তিনি জানতেন যে সে জানত যে এটি তাঁর মধ্যে ছিল। দেখুন, মাত্র কয়েক মিনিটের মধ্যে এটি প্রমাণিত হয়েছিল, যখন সে

তার ভাই সম্পর্কে তাকে কিছু বলেছিল, সে বলল, "প্রভু, আমি—আমি বিশ্বাস করি আপনি সেই।"

62 আর তিনি বললেন, "আমিই পুনরুত্থান ও জীবন। সে মরিলেও জীবিত থাকিবে। আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না। **আমি**।" সেই **আমি** জ্বলন্ত ঝোপের মধ্যে ছিল, মোশির সাথে। "আমিই পুনরুত্থান। আমিই জীবন। আমি ভিত্তিস্বরূপ ছিলাম। আমি এখনও সেই একই ব্যক্তি। আমিই পুনরুত্থান ও জীবন। যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে। আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না।" এই মহান আশ্বাস যা সে পেয়েছিল, যে তিনি প্রতিশ্রুত বাক্য; যখন তিনি বলেছিলেন, ভাববাদী হয়ে, তখন তিনি মিথ্যা বলতে পারেন না; তাই তিনি যখন বললেন, "**আমি** যে সেই আমি। আমি তিনি যে পুনরুত্থান এবং জীবন।"

63 সে বলেছিল, "আমি বিশ্বাস করেছি যে আপনিই সেই, ঈশ্বরের পুত্র যাহার পৃথিবীতে আগমন হবে। যদিও আমার ভাই মারা গেছে, সেখানে কবরে শুয়ে আছে, সে...তার শরীর এখন পচে যাচ্ছে; কিন্তু এখনও, আপনি যা বলবেন, তা ঘটবে।" ঠিক!

64 সে যা শুনতে চেয়েছিল তাঁর কাছে থেকে! আমেন। ওহ, মার্থা, আজ রাতে আমরা কোথায় আছি? "শুধু বাক্য বলুন; আমার দাস বেঁচে যাবে!" শুধু তাকে এটা বলতে শুনুন! তারা হয়তো তাকে বলেছিল তিনি বলেছেন, কিন্তু এখানে তিনি নিজেই স্বয়ং ছিলেন। ওহ্ ঈশ্বর, অন্ধ চোখ খুলে দেন, যেন তারা দেখতে পান! যখন তিনি, তাঁর উপস্থিতিতে, বাক্য বলেন, সবসময় তা উদ্ভাসিত হয়।

65 সে বলেছিল, "আপনি ঈশ্বরের কাছে যাহা কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন। শুধু আমাকে শুনতে দিন!" সে চেয়েছিল যেন তিনি বাক্য বলেন। এটাই সে শুনতে চেয়েছিল। শুধু তাঁর কাছ থেকে বাক্য শুনতে যে তিনি এটি করবেন, তার এইটুকুই প্রয়োজন ছিল।

66 এবং তিনি ঠিক তখনই সেটা করতে পারতেন, কিন্তু, আপনারা দেখুন, পিতা তাকে যে দর্শন দেখিয়েছিলেন, তাকে কবরের পাশে দাঁড়াতে হবে। ওহ, আমার! আপনার বিশ্বাস ধরে রাখুন! ঈশ্বর সবকিছু ঠিক করছেন। সব ঠিক হয়ে যাবে। সে কবরে না পৌঁছানো পর্যন্ত অপেক্ষা করুন।

67 লক্ষ্য করুন, সে তাকে এটা বলাতে পারে, এমনকি যখন সে... সব আশা শেষ হয়ে গেছে, সব কিছু। সে মারা গিয়েছিল, কবরে

পচতে শুরু করেছিল, কিন্তু শুধু তাকে এটি বলতে শুনুন, এটাই শুধু সে চেয়েছিল।

68 এখন তিনি যখন বললেন, "আমিই পুনরুত্থান এবং জীবন," সে এটা বিশ্বাস করেছিল। সে এটা বিশ্বাস করেছিল। এখন লক্ষ্য করুন, এখন তাকে অসম্ভব বিষয়ের জন্য বিশ্বাস করতে হয়েছিল, যখন সে তাকে বলতে শুনেছিল, "আমিই পুনরুত্থান ও জীবন। সে মরিলেও জীবিত থাকিবে, আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না।" বললেন, "ইহা কি বিশ্বাস কর ?"

69 আর সে বলল, "হ্যাঁ, প্রভু, আমি ইহা বিশ্বাস করি। জগতে যাঁহার আগমন হইবে, আপনি সেই ঈশ্বরের পুত্র।" আমি এটা পছন্দ করি। আমি এটা পছন্দ করি।

70 আমি—আমি এই কথাটা আগেই বলেছি। এটা এখন আবার দাঁড়াতে পারে। আমি কিছুক্ষণ আগে একজন মহিলার সাথে কথা বলছিলাম, এটি একটি নির্দিষ্ট চার্চ যা আমি কিছুক্ষণ আগে উল্লেখ করেছি, যারা বিশ্বাস করে না যে তিনি ঈশ্বর ছিলেন, তাঁর ঈশ্বর; তিনি ছিলেন একজন ভাববাদী, একজন সাধারণ মানুষ।

71 তিনি সত্যিই সেটা ছিলেন। তিনি সেটা ছিলেন, তার সঙ্গে ঈশ্বর। দেখুন, তিনিই ছিলেন এর প্রকাশপ্রাপ্তি। যীশু ছিলেন দেহ, ছেলে, মানুষ; ঈশ্বর তাঁর মধ্যে বাস করতেন। ঈশ্বর তাঁর মধ্যে ছিলেন। তিনি ছিলেন ঈশ্বর-মানুষ। তিনি একজন মানুষ ছিলেন, তবুও তিনি ছিলেন মাংসে প্রকাশপ্রাপ্ত ঈশ্বর। যখন আমরা যীশুকে দেখি, আমরা ঈশ্বরকে দেখি। এটাই তিনি বলেছেন, "যখন তোমরা পিতাকে দেখ...আমাকে দেখ, তোমরা পিতাকে দেখ।" কারণ, তিনিই প্রতিফলন ছিলেন, কারণ তিনি ছিলেন সেই বাক্য, আমেন, যা আদিতে ছিল। আমেন।

72 তিনি ভাববাদীদের বলেছেন, "ঈশ্বর।" আপনারা কি তা জানেন ? তিনি বলেছেন, "তোমরা তাদের বল 'ঈশ্বর' যাদের কাছে ঈশ্বরের বাক্য আসে। আমি যখন বলি, 'আমি ঈশ্বরের পুত্র' তোমরা কেমন করে আমাকে দোষারোপ কর ?"

73 কারণ, একই বাক্য বলেছিল যে তিনি সেখানে থাকবেন, আর সেখানে বাক্য পুনরায় প্রকাশপ্রাপ্ত হয়। তবুও তারা বিশ্বাস করতে পারে নি।

74 এই মহিলা আমাকে বললেন, “আমি আপনাকে প্রমাণ করতে পারি।” বললেন, “আপনার প্রচার আমি শুনতে পছন্দ করি, কিন্তু একটি জিনিস আপনি খুব বেশি করেন।”

“ঠিক আছে, সেটা কি ?”

বললেন, “আপনি যীশুর উপর খুব বড়াই করেন।”

75 আমি বললাম, “আমি আশা করি তিনি যখন আসবেন তখন তিনি আমার বিরুদ্ধে শুধু এটাই পাবেন।” আর তিনি বললেন... আমি বললাম, “আমি আশা করি যে তিনি শুধু এতটাই, দোষ তিনি আমার মধ্যে খুঁজে পেতে পারেন।” আমি বললাম, “আমার যদি দশ হাজার জিহ্বা থাকত, আমি যথেষ্ট কথা বলতে পারতাম না, ওহ্, আমার, তিনি কী এই বিষয়ে !”

তিনি বললেন, “কিন্তু, আপনি, আপনি তাকে ঈশ্বরে পরিনত করেন।”

76 বললেন, “তিনি ছিলেন। অথবা, যদি তিনি না হতেন, তিনি ছিলেন পৃথিবীর সর্বকালের সর্বশ্রেষ্ঠ প্রতারক।”

তিনি বললেন, “তিনি একজন ভাববাদী ছিলেন।”

77 আমি বললাম, “তিনি একজন ভাববাদী ছিলেন, এটি সত্য: একজন ঈশ্বর-ভাববাদী, বাক্যের পূর্ণতা। ভাববাদীর কাছে শুধুমাত্র বাক্য আসে, এটাই তাকে তৈরি করে—তাকে ভাববাদী বানায়। কিন্তু তিনি ছিলেন সেই বাক্যের পূর্ণতা।”

78 আর তিনি বললেন, “আমি আপনার কাছে প্রমাণ করতে পারি।” বললেন, “আপনি তাকে ঐশ্বরিক করে তুলেন।”

আমি বললাম, “তিনি ঐশ্বরিক ছিলেন।”

আর তিনি বললেন, “তিনি ঐশ্বরিক হতে পারেন না।”

আমি বললাম, “তিনি...কিন্তু তিনি ছিলেন।”

তিনি বললেন, “আপনি বলেন আপনি বাইবেল বিশ্বাস করেন।”

আমি বললাম, “আমি করি।”

79 তিনি বললেন, “আমি আপনাকে, আপনার নিজের বাইবেল দ্বারা প্রমাণ করব যে তিনি ঐশ্বরিক ছিলেন না।”

80 আমি বললাম, “এটা করুন। যদি বাইবেল তাই বলে, তাহলে আমি বিশ্বাস করব, কারণ আমি বিশ্বাস করি বাক্য সঠিক।”

81 তিনি বললেন, “লাসারের কবরের রাস্তায়, আপনার মনে আছে যোহন লিখিত সুসমাচার ১১ ?”

আমি বললাম, “অবশ্যই, ম্যাডাম।”

82 বললেন, “ঠিক আছে, এখন, সেখানে রাস্তায়, তিনি কেঁদেছিলেন। বাইবেল বলে, ‘তিনি কেঁদেছিলেন।’”

আমি বললাম, “অবশ্যই, বাইবেল বলে যে তিনি কেঁদেছিলেন।”

বললেন, “তিনি কিভাবে ঐশ্বরিক হতে পারেন এবং কাঁদতে পারেন ?”

আমি বললাম, “তিনি মানুষ ছিলেন।”

“মানব এবং ঐশ্বরিক ?”

83 আমি বললাম, “হ্যাঁ, ভদ্রমহিলা। আপনি দেখতে ব্যর্থ। তিনি একজন—একজন মানুষ ছিলেন সেখানে যাচ্ছেন, যারা কাঁদছিল তাদের সাথে ক্রন্দন করে, এটা ঠিক, যারা শোক করেছে তাদের সাথে শোক করে। তিনি একজন মানুষ ছিলেন। কিন্তু যখন তিনি তার ছোট, ভঙ্গুর শরীরকে সোজা করলেন এবং বললেন, ‘লাসার, বাহিরে আইস,’ আর একজন মানুষ যিনি চার দিন ধরে মারা গেছে, তার পায়ে উঠে দাঁড়ায়। এটা একজন মানুষের চেয়ে বেশি ছিল, সেটা মানুষের মধ্যে ঈশ্বর ছিলেন।” ঈশ্বর ছাড়া মৃতদের কে জীবিত করতে পারে ? তিনি পুনরুত্থান ও জীবন ! সেটা ঠিক।

84 সেই রাতে বাইরে সমুদ্রে, যখন তিনি সেখানে ছিলেন, ক্লান্ত হয়ে, নৌকার পিছনে শুয়ে ছিলেন, যেখানে দশ হাজার শয়তান শপথ করেছিল যে তারা তাকে সেই রাতে ডুবিয়ে দেবে, এবং সেই ছোট্ট নৌকাটি ঝড়ো সমুদ্রে বোতলের ছিপির মতো ঘুরতে থাকে। শয়তানরা ভাবল, “আমরা এখন তাকে পেয়েছি। তিনি ঘুমন্ত; আমরা পুরো দলটিকে ডুবিয়ে দিব।” ওহ, তিনি একজন মানুষ ছিলেন, ক্লান্ত, কিন্তু একবার জেগে উঠার পর, তিনি নৌকার পালের উপর পা তুলে দাঁড়ান, এবং উপরের দিকে তাকিয়ে বললেন, “শান্ত হও,” আর বাতাস এবং ঢেউ তাকে কথা শুনল। সেটা একজন মানুষের চেয়েও বেশি ছিল।

85 তিনি একজন মানুষ ছিলেন যখন তিনি ক্ষুধার্ত ছিলেন, পাহাড় থেকে নেমে এসে, রুটির টুকরো অথবা কিছু খাওয়ার জন্য বা গাছ থেকে একটি ডুমুর খুঁজতে থাকেন। কিন্তু যখন তিনি পাঁচটি রুটি এবং দুটি মাছ নিলেন আর পাঁচ হাজার লোককে খাওয়ালেন, তখন সেই ব্যক্তির মধ্যে ঈশ্বর ছিলেন। সেটা ঠিক।

86 ওহ, প্রতিটি মানুষ যাদের পরিমিত করা হয়েছিল বিশ্বাস করেছিল যে, সকল লেখক সেটা বিশ্বাস করতেন। অবাক হওয়ার কিছু নেই যে একজন লিখেছেন:

জীবিত অবস্থায়, তিনি আমাকে ভালোবেসেছেন; এবং মৃত্যু দ্বারা, তিনি আমাকে পরিত্রাণ দিয়েছেন;
সমাহিত হয়ে, তিনি আমার পাপ দূর করেছেন;
পুনরুত্থিত হয়ে, তিনি চিরকালের জন্য ধার্ম্মিক গণিত করেছেন:
কোন একদিন তিনি আসছেন—ওহ, মহিমান্বিত দিন!

87 এডি পেরোনেট, যিনি তার গান বিক্রি করবেন না। একদিন, পবিত্র আত্মার প্রভাবে স্তম্ভিত হয়ে, একটি কলম ধরলেন, তিনি উদ্বোধনী গানটি লিখেছিলেন, যখন তিনি লিখেছিলেন:

সকলেই যীশুর নামের উচ্চ রব কর!
স্বর্গদূতেরা প্রণিপাত কর;
রাজকীয় মুকুট লইয়া আইস,
সকলের প্রভুকে মুকুট পরিয়ে দেও! (হালেলুইয়া!)

88 অবশ্যই, আমরা বিশ্বাস করি যে তিনি ছিলেন। হ্যাঁ, মহাশয়।

89 তাকে এখন অসম্ভব বিষয় বিশ্বাস করতে হয়, সেই দিনের আধুনিক চিন্তাধারার উপর। তাই আপনাকে অসম্ভব বিষয়ের উপর বিশ্বাস করতে হবে, নতুন জীবন দেখতে হলে, কিছু বিষয় ঘটতে দেখতে হলে। কিন্তু তিনি যদি চিনতেন...সে তাকে বাক্য বলে চিনতে পেরেছিলেন, তারপরে অসম্ভব বিষয়গুলি ঘটতে পারে, কারণ তিনিই সৃষ্টিকর্তা, এবং তিনি যা বলেছেন তার পক্ষে তিনি থাকবেন।

90 "যে বিশ্বাস করে, তাহার পক্ষে সকলই সাধ্য।" এটাই তাঁর বাক্য। কিন্তু অসম্ভব প্রকাশ হয় যখন ঈশ্বর তাঁর বাক্য গ্রহণ করেন। হ্যাঁ, মহাশয়। ঈশ্বর যখন তাঁর বাক্য গ্রহণ করেন, তখন অসম্ভব সকল—সকল প্রকাশ হয়। যখন ঈশ্বর বলেন এটা হবে, তখন আপনি সেই বাক্য গ্রহণ করুন আর দেখুন অসম্ভব বিষয় ঘটবে। এটা অবশ্যই ঘটবে।

91 কিন্তু লক্ষ্য করুন, এমনকি সে সবের মধ্যেও, সে বলেছিল, "আর এখনও প্রভু, আপনি ঈশ্বরের কাছে যাহা কিছু যাচ্ঞা করিবেন, তাহা ঈশ্বর আপনাকে দিবেন।" সে জানত যদি সে শুধু তাঁর কাছ

থেকে বাক্য পায়। সেটা করাই তার দরকার ছিল, সেই বাক্য পাওয়া। হ্যাঁ, এটা ছিল তার সবচেয়ে অন্ধকার সময়, এবং যীশু এসে ডাকলেন। ওহ, তারা কি দেখল, একটা পুনরুত্থান!

আসুন আরও কিছু দেখা যাক যেখানে অন্ধকার সময় আসে।

92 বাইবেলের প্রাচীনতম ভাববাদীদের মধ্যে একজন ইয়োব নামে এক ব্যক্তি ছিলেন। তিনি একজন মহান মানুষ ছিলেন। তিনি—তিনি প্রভুকে ভালোবাসতেন, এবং তিনি যা করতে জানতেন সবই করেছিলেন। আর শয়তান তাকে ছেঁকে ফেলতে চেয়েছিল, তাই সে একদিন ঈশ্বরকে বলল...হ্যাঁ, ঈশ্বর তাকে বললেন, বরং, "কোথায় ছিলে শয়তান?"

93 সে বলেছিল, "ওহ, পৃথিবীতে এদিক-ওদিক এবং উপরে-নিচে হাঁটছিলাম।"

94 তিনি বললেন, "তুমি কি আমার দাস ইয়োবের কথা ভেবেছ? পৃথিবীতে তার সমতুল্য কেউ নেই। তিনি একজন সিদ্ধ ব্যক্তি।"

95 "ওহ," সে বলল, "নিশ্চিত, আপনি তাকে সবকিছু দিয়েছেন, তার জন্য সবকিছু করেন। নিঃসন্দেহে তিনি একজন মহান মানুষ। তবে আমাকে একবার তাকে কাছে পেতে দিন, আমি সুর বদলে দিব। আমি তাকে আপনার মুখের সামনে, আপনাকে অভিশাপ দেওয়া করাব।"

96 তিনি বললেন, "তুমি এটা করতে পারবে না।" একজন বিশ্বাসীর প্রতি এটাই তার আস্থা। কেন? তিনি অসীম। তিনি চিরন্তন। তিনি শেষ প্রথম থেকে জানেন। তিনি জানতেন শয়তান এটা করতে পারবে না। কারণ, তিনিই বাক্য, তিনি জানতেন ইয়োব কি করবেন।

97 এখন, মনে রাখবেন, ইয়োব, সে তাকে ফোঁড়ার মধ্যে ফেলে দেয়, তার সন্তানদের হত্যা করে, তার যা কিছু ছিল সব নিয়ে নেয়। তার স্বাস্থ্য খারাপ হয়ে যায়। এমনকি তার সান্ত্বনাকারীরাও এসেছিলেন, এবং তারা শুধু তাকে গোপন পাপী বলে অভিযুক্ত করা ছাড়া কিছুই করতে পারেনি। এবং বৃদ্ধ ইয়োব এমন জায়গায় পৌঁছে গিয়েছিল যেখানে তিনি এত ব্যাকুল হন।

98 আপনাকে প্রথমে ব্যাকুল হতে হবে। আপনাকে এমন একটি সময়ে পৌঁছাতে হবে যেখানে আপনি পথের শেষে পৌঁছে যান।

99 ইয়োব পথের শেষে পৌঁছে যান, যখন তিনি বললেন, "বিলুপ্ত হউক সেই দিন, যে দিন আমার জন্ম হইয়াছিল। সূর্য দীপ্তি প্রদান না করুক, এবং চন্দ্র নিশিতে আলোক প্রদান না করুক, নামটি কখনই না লওয়া যাক।" আর সেই ব্যাকুলতার মধ্যেই যীশু এসেছিলেন।

তিনি নিচের দিকে তাকিয়ে বললেন, “আমি দেখছি, একজন মানুষ হিসাবে, একটি ফুল মরে যায় এবং বসন্তে আবার উঠে আসে। একটি গাছ উপড়ে পড়লে তা আবার উঠে আসে জলের গন্ধে।” তিনি সমস্ত উদ্ভিদবিদ্যাকে আবার জীবিত দেখতে পেলেন, কিন্তু বললেন, “একজন লোক শুয়ে পড়েন, সে আত্মা ত্যাগ করে, সে এখন কোথায়?” তিনি জানতেন তিনি একজন বৃদ্ধ। তিনি বলেছেন, “তাঁহার পুত্ররা তাহাকে সান্ত্বনা করিতে আসিলে, তিনি তাঁহাদের চিনিতে পারিলেন না। ওহ, তুমি আমাকে পাতালে লুকাইয়া রাখিও, গুপ্ত রাখিও, যাবৎ তোমার ক্রোধ গত না হয়। আমার জন্য সময় নিরূপণ কর, আমাকে স্মরণ কর। আমরা গিয়েছিলাম...” আর এভাবেই বলতে থাকেন, কথা বলতে থাকেন। তিনি তার ব্যাকুলতার শেষে পৌঁছে যান, “কি হয়? পাতা জীবিত হয়ে উঠে, বৃক্ষে ফিরে আসে, ফুল পুনরায় ফিরে আসে, সব কিছু উঠে আসে, কিন্তু একজন ব্যক্তি শুয়ে আত্মা ত্যাগ করে!” তিনি ব্যাকুল ছিলেন। তিনি জানতেন না যে এই বয়সে তার সঙ্গে কী হতে পারে।

100 যখন তিনি তা করলেন, তখন যীশু এসেছিলেন। ঈশ্বর আকাশের দিকে তার মাথা ঘুরিয়ে দিলেন, এবং তিনি যীশুকে শেষ সময়ে আসতে দেখলেন।

101 সেই অন্ধকার সময়ে যখন তার স্ত্রী বলল, “ঈশ্বরকে অভিশাপ দিয়া প্রাণত্যাগ কর,” তবুও তিনি বললেন, “নারী, তুমি একটা মূঢ়া স্ত্রীর মত কথা কহিতেছ। সদাপ্রভু দিয়াছিলেন, সদাপ্রভুই লইয়াছেন, সদাপ্রভুর নাম ধন্য হউক।” এমনকি তার স্ত্রীও তাকে ত্যাগ করেন। তার মণ্ডলী তাকে ত্যাগ করেছিল। সবাই তাকে ত্যাগ করেছিল।

102 সেই অন্ধকার সময়ে, যেখানে তিনি জানতেন না যে তিনি সেখান থেকে কোথায় যাচ্ছেন, যীশু এসেছিলেন। তখন তিনি চিৎকার করে বললেন, “কিন্তু আমি জানি, আমার মুক্তিকর্ত্তা জীবিত, তিনি শেষে ধূলির উপরে উঠিয়া দাঁড়াইবেন। আর আমার চর্ম্ম এইরূপে বিনষ্ট হইলে পর, তবু আমি আমার দেহে হইয়া ঈশ্বরকে দেখিব, আমি তাঁহাকে স্বয়ং দেখিব।” তার অন্ধকার সময়ে, তখন যীশু আসেন। হ্যাঁ, মহাশয়।

103 মোশি, মোশির জন্য, ইস্রায়েলে তার জন্য সবচেয়ে অন্ধকার সময় এসেছিল। তিনি নিজ কার্যে ছিলেন; সেখানে ঝোপের মধ্যে ঈশ্বরের সাথে দেখা করেন, আর বললেন, “**আমি যে আছি সেই আছি**।” তিনি সেখানে গিয়ে যান্নি ও যাম্ব্রির সমস্ত ধরণের নকলের মধ্য দিয়ে লড়াই করেছিলেন, তার কাজের নকল করার চেষ্টা করেছিলেন। এই সকলের মধ্যে, তিনি ঈশ্বরের সামনে সত্য প্রমাণিত

হন। অবশেষে তিনি ইস্রায়েলকে বিশ্বাস করালেন। আর এখানে তিনি মিশর থেকে বের হয়ে আসেন, প্রতিশ্রুত দেশে—দেশে যাচ্ছিলেন, যেখানে ঈশ্বর বলেন, "তুমি এই পর্বতে আমার আরাধনা করবে।" এটা ঈশ্বরের বাক্য ছিল। মোশি জানতেন তাকে সেই পর্বতে যেতে হবে। আমেন। ঈশ্বর তাই বলেছেন ! কোন ফরৌণ তাকে হত্যা করতে পারবে না। কোন শয়তান তাকে হত্যা করতে পারবে না। কিছুই তাকে হত্যা করতে পারবে না। তিনি সেই পর্বতে যাচ্ছেন। আমেন ! হালেলুইয়া ! আমি ধার্মিক বোধ করি। তিনি সেই পর্বতে যাচ্ছেন।

104 সেইরূপ আমরা কি আমাদের মহিমার পথে! কোন কিছুই আমাদের অবরোধ করতে পারবে না। না, মহাশয়। ঈশ্বর তার বাক্য প্রমাণিত করতে যাচ্ছেন। কি ঘটবে তাতে আমার কিছু আসে যায় না, যেভাবেই হোক তিনি তা করতে যাচ্ছেন। হ্যাঁ।

105 তার পথে, কর্তব্যের পথে। এখানে তিনি, পর্বতের দ্বারা বেষ্টিত। তিনি শোনেন, তার পিছনে একটি গর্জন শুনতে পান। এটা কি ছিল ? ফরৌণের রথ, হাজার হাজার, আসছে; সাঁজোয়া, এবং বর্শা ইত্যাদি, তাদের উপর রথ চালাতে এবং তাদের পদদলিত করতে। সেখানে লোহিত সাগর, তাকে বিচ্ছিন্ন করে। তিনি কি করেছিলেন ? তিনি ব্য...তিনি ব্যাকুল হয়ে পড়েন। সকলে চিৎকার করছে, "ওহ, আমরা এখন এটির জন্য আছি। ফরৌণ আমাদের মেরে ফেলবে, তার তরবারি আমাদের মধ্যে দিয়ে চালাবে। আমাদের সন্তানরা এখানে মরুভূমিতে মারা পড়বে।"

মোশি চিৎকার করে বললো, "হে ঈশ্বর !"

106 আর তখন যীশু ঘটনাস্থলে আসেন। তিনি ছিলেন আগুনের স্তম্ভ। সেটা ঠিক। তিনি নেমে আসেন এবং তিনি তার এবং বিপদের মধ্যে অবস্থান করেন। আমেন। তিনি আমাদের মধ্যবর্তী। তিনি মধ্যস্থতাকারী, আমেন, একজন মধ্যস্থতাকারী। সেখানে তিনি দাঁড়িয়ে আছেন, দাঁড়িয়ে আছেন; মিশরীয়দের কাছে অন্ধকার, যারা এটি নিয়ে কিছু করার চেষ্টা করতে এসেছিল। তিনি তাদের জন্য আলো ছিলেন, চলার পথে। অতঃপর সকালে যখন প্রচন্ড বাতাস বইতে শুরু করলো, সেই রাতে, তখন তিনি কী করলেন ? তিনি অগ্নি স্তম্ভের আকারে এসেছিলেন।

107 মনে রাখবেন, তিনি এখনও সেই আগুনের স্তম্ভ। হ্যাঁ, মহাশয়। যখন তিনি পৃথিবীতে ছিলেন, তিনি বলেছিলেন, "আমি ঈশ্বরের নিকট হইতে আসিয়াছি, আর আমি ঈশ্বরের নিকটে যাইতেছি।"

108 এবং তাঁর মৃত্যুর পরে, সমাধি, পুনরুত্থান এবং স্বর্গারোহণ; সাধু পৌল, দম্মেশকে যাওয়ার পথে, তাকে আগুনের স্তম্ভ দ্বারা আঘাত করা হয়েছিল। মনে রাখবেন, তিনি একজন ইহুদি ছিলেন। তিনি এই কথা বলতেন না...তিনি বলেছিল, "প্রভু, আপনি কে?" বড় হাতের অক্ষর এল-ও-আর-ডি, এলোহিম। "আপনি কে যাকে আমি তাড়না করিতেছি?"

তিনি বললেন, "আমি যীশু।"

109 আমেন! হালেলুইয়া! তিনিই আদি এবং অন্ত। তিনি এখনও একই। "আর অল্প কাল গেলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না, কিন্তু তোমরা দেখিতে পাইবে। আমি তোমাদের সঙ্গে থাকিব, এমনকি তোমাদিগতে।" সেই একই আগুনের স্তম্ভ, একই ঈশ্বর একই কাজ করছেন, একই প্রতিশ্রুতি নিয়ে, আমেন, তাঁর বাক্যকে প্রকাশ করেছেন। "আমিই পুনরুত্থান ও জীবন। আমিই তিনি যিনি ছিলেন, তিনি যিনি আছেন এবং তিনি যিনি আসবেন।" হ্যাঁ, মহাশয়। হ্যাঁ।

"আমাদের পিতারা প্রান্তরে মান্না খেয়েছিল।"

110 তিনি বলেছিলেন, "তারা, প্রত্যেকেই, মৃত। কিন্তু, **আমি যে আছি সেই আছি**।" মোশি...জ্বলন্ত ঝোপে, সেটি ছিলাম **আমি**। তিনি এখনও **আমি**, আমি ছিলাম না; **আমি**, বর্তমান কাল, সব সময়।

111 আমরা এখানে খুঁজে পাই যে মোশি ঠিক এইখানে সমর্থিত, এবং খ্রীষ্ট নেমে এসেছিলেন। এখন, বাইবেল সেটা বলেছে, যে, "মোশি সম্মানিত করেন যে—যে খ্রীষ্টের তিরস্কার মিশরের ধন-সম্পদের চেয়ে বড় সম্পদ।" খ্রীষ্টের তিরস্কার! খ্রীষ্ট ছিলেন অভিষেক, লোগোস যা ঈশ্বরের থেকে বাইরে গিয়েছিল। স্বর্গদূত, যে কোন বাইবেল পাঠক জানেন যে সেই স্বর্গদূত খ্রীষ্ট ছিলেন। এবং সেখানে তিনি প্রান্তরে ছিলেন, এবং তিনি ঘটনাস্থলে আসেন, যে রূপে তাঁর প্রকাশ হওয়ার কথা ছিল। ঈশ্বরের মহিমা হউক!

112 তিনি আজ সেই রূপে এসেছেন, একই খ্রীষ্ট, যার মধ্যে প্রকাশপ্রাপ্তি ঘটেছে।

113 তিনি তাদের বলেছিলেন যে তিনি তাদের বের করে আনবেন। তিনি এটা করছিলেন। সেখানে তিনি তাঁর বাক্যের পক্ষে দাঁড়াতে, এটিকে প্রমাণ করতে আসেন। তারপর তিনি এসে, যেমন তিনি মার্থার সাথে করেছিলেন, তখন তিনি ডাকলেন। তিনি বললেন, "মোশি, তুমি কেন আমার কাছে কাঁদছ? এই লোকদের সাথে কথা বলো, যেন তোমরা এগিয়ে যাও।" সেই অন্ধকার সময়ে,

লোহিত সাগর খুলে গেল আর তারা পার হয়ে গেল, তাদের যাত্রায় বাক্য পূরণ করার জন্য। হ্যাঁ, মোশির অন্ধকার সময়ে, তখন যীশু আসলেন। আমাদের এখন সময় রয়েছে...আর তিনি মোশিকে ডাকলেন।

114 আমরা অন্য একজন মানুষ প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তার নাম ছিল যায়ীর। আজ পৃথিবীতে তার মত অনেক আছেন। তিনি একজন গোপন বিশ্বাসী ছিলেন। তিনি যীশুকে ভালোবাসতেন। তিনি তাঁর সম্পর্কে শুনেছিলেন। তিনি তাঁকে বিশ্বাস করেছিলেন। কিন্তু, আপনারা দেখতে পাচ্ছেন, তিনি ইতিমধ্যে একটি সংস্থায় যোগ দিয়েছিলেন। হ্যাঁ। তিনি—তিনি—তিনি—তিনি শুধু...তিনি বাইরে এসে স্বীকার করতে পারেননি। তিনি এটি বিশ্বাস করেছিলেন, কিন্তু তিনি এটি স্বীকার করতে পারেননি, তাই তিনি অবিশ্বাসীদের সাথে যোগদান করেছিলেন। কিন্তু তিনি সত্যিই এটি বিশ্বাস করেছিলেন।

115 আপনারা জানেন, একজন মানুষ যখন সেই আকৃতিতে আসেন, কোন একসময় ঈশ্বর তাকে দৃশ্যে নিয়ে আসেন। আমরা যখন পীড়িত হই তখন আমরা আমাদের রঙ দেখাই, আমরা আসলে কী তা দেখাই।

116 তাই তিনি সেখানে ছিলেন, তিনি ইতিমধ্যে অবিশ্বাসীদের সাথে যোগদান করেছিলেন, আর তিনি পার হয়ে গেলেন এবং বইতে তার নাম লিখলেন ইত্যাদি। এবং তিনি একজন যাজক ছিলেন, আর তাই তিনি—তিনি স্বীকারোক্তি করতে পারেননি, কারণ এটি ছিল তার খাবারের টিকিট। তাই, কিন্তু তিনি তবুও যীশুকে বিশ্বাস করেছিলেন।

117 একদিন, তার ছোট্ট মেয়েটি অসুস্থ হয়ে পড়ে। ওহ, আমার! তিনি, কোন সন্দেহ নেই সেই ব্যক্তি, যদি তিনি...এই রকম, চিকিৎসক ডেকে থাকতেন। চিকিৎসক আসেন, শিশুটির পরিচর্যা করেন। তার জ্বর ক্রমাগত বাড়তে থাকল। কিছুক্ষণ পরে তার এত জ্বর আসে, অবশেষে সে মৃত্যুর কাছে পৌঁছে যায়। তিনি কষ্টে ছিলেন। তাকে কিছু করতেই হবে। তিনি—তিনি জানতেন না কি করতে হবে। এখন তিনি ভাবলেন, "যদি আমি তাকে খুঁজে পাই, তিনি যেখানেই থাকুন না কেন।" এখন তিনি মধ্যরাত না হওয়া পর্যন্ত অপেক্ষা করেননি, যেমন নীকদীম করেছিলেন, একটি ব্যক্তিগত সাক্ষাৎকারের জন্য। সময় ছিল কাজ করার, কাজ করার সময় এসেছে এবং তাকে তখনই কাজ করতে হবে।

118 আর আমি ভাবি, ভাই, বোন, এখন সেই একই সময়। কাজ করার সময় এসেছে। সময় এসেছে বিশ্বাস করার বা না করার। সেই বিভাজক লাইন প্রতিটি পুরুষ এবং মহিলার কাছে আসে। এটি প্রতিটি শিশুর কাছে আসে। কখনও কখনও আপনি যখন সেই লাইনটি অতিক্রম করেন, তখন কেবল একটি জিনিস বাকি থাকে, তা হল বিচার, যখন আপনি অনুগ্রহ এবং বিচারের মধ্যে দিয়ে যান, যখন আপনি সেই লাইনটি অতিক্রম করেন।

119 মনে রাখবেন, তিনি কষ্ট পেয়েছিলেন। তিনি জানতেন না কি করতে হবে। সেখানে তার যাজকরা দাঁড়িয়ে ছিল, সকল রাব্বিরা তার চারপাশে দাঁড়িয়ে ছিল। মণ্ডলী তার সাথে ছিল, সকলে সেখানে, তার ছোট মেয়ে মারা যাচ্ছে দেখতে। চিকিৎসক বাইরে দাঁড়িয়ে আছেন, হাত ভাঁজ করে, হাত কাঁপছে, “আমি সব ওষুধ দিয়েছি যা আমি জানতাম, আর এখনও...”

120 দেখুন, যীশু সব সময় কাজ করছিলেন। যীশু একটি উদ্দেশ্যের জন্য এটি করছিলেন, সেই ব্যক্তির রং বের করার জন্য। কিছুক্ষণ পর, আমি দেখতে পাচ্ছি যে সে তার ছোট্ট কালো টুপিটি নিয়ে নেন, তার ছোট যাজকের পোশাক পরিধান করেন।

“কোথায় যাচ্ছেন ?”

121 “আমি...শুনেছি তিনি নদীর ধারে আছেন। আমি তার পিছনে যাচ্ছি !” ওহ, আমার ! তিনি চলে গেলেন !

122 সেই ব্যাকুলতার সময়ে, তাকে সিদ্ধান্ত নিতে হয়েছিল: নিজ সন্তানকে মরতে দেওয়া, অথবা তিনি জানতেন যে সেটি বাক্যের প্রকাশপ্রাপ্তি। তিনি একজন যাজক ছিলেন, এবং তিনি বাক্য পড়েছিলেন এবং তিনি জানতেন যে এটি ঈশ্বরের প্রকাশপ্রাপ্তি। ঈশ্বর খ্রীষ্টের মধ্যে ছিলেন, বিশ্বকে নিজের সাথে মিলিত করেছিলেন। তিনি এটি জানতেন, এবং তিনি বিষয়টিতে বাধ্য হন। তাকে ভুল করতে হয়, তার সন্তানকে মরতে দেওয়া অথবা তাকে স্বীকারোক্তি করতে হবে। তিনি যখন সেই কষ্টে পড়েছিলেন, তখন সেই সময় যীশু আসলেন। তিনি তাঁকে দেখতে গেলেন। তিনি বললেন— তিনি বললেন, “আমি তোমার সাথে যাবো, তুমি যা কিছু বল।” এবং বাইরে রাস্তায়, এখানে একজন বার্তাবাহক আসেন, সেখানে সেই অন্ধকার বিষয়টি। স্বীকারোক্তি করেছিলেন, যে তিনি তাকে বিশ্বাস করেছেন। তিনি তখন নিজেকে বহিষ্কার করেছিলেন, এবং নিজেকে তখন জনসাধারণের সামনে রেখেছিলেন যে তিনি যীশুতে বিশ্বাসী ছিলেন।

123 আর এখানে একজন বার্তাবাহক এসে বলল, "কাউকে বিরক্ত করবেন না, কারণ আপনার মেয়ে ইতিমধ্যে মারা গিয়েছে। সে গতকাল মারা গিয়েছে। সে ইতিমধ্যে মারা গিয়েছে। আর বোকামি করবেন না।"

124 আর, ওহ, তার ছোট্ট হৃদয়টি ব্যর্থ হওয়ার মতো প্রায়। কিন্তু তিনি তাকিয়ে যীশুর সেই চোখগুলো দেখলেন, বললেন, "আমি কি তোমাকে বলিনি? ভয় করো না, যদি তুমি ঈশ্বরের মহিমা দেখতে চাও। তুমি কি বিষয়ে ভয় করছো? আমি আগেই বলেছি আমি যাব।"

125 তিনি আগেই বলে দিয়েছেন তিনি আসবেন। তিনি ইতিমধ্যেই বলেছেন যে তিনি এটি করবেন আর এখানে তিনি তা করছেন। আমেন। তিনি বলেছিলেন যে তিনি শেষ দিনে দৃশ্যপটে উঠবেন এবং তিনি যেমন করেছিলেন এই কাজগুলি করবেন, যেমন আমরা গত রাতে পড়েছি এবং কথা বলেছি। এখানে তিনি এটা করছেন। আপনি কি বিষয়ে ভয় পাচ্ছেন?

126 মনে রাখবেন, যখন তিনি এসেছিলেন, এবং তিনি তাকে মৃতদের মধ্য থেকে ডেকেছিলেন। তিনি ঘটনাস্থলে এসে তাকে মৃতদের মধ্যে থেকে ডাকেন।

বৃদ্ধ অন্ধ বর্‌তীময়, একবার, তার সবচেয়ে অন্ধকার সময়ে পৌঁছে যান।

127 যীশু সেখানে ছিলেন, সেখানে একটি ফুল গসপেল বিজনেস ম্যানদের প্রাতঃরাশের আয়োজন করেছিলেন—যিরীহোতে, আর সেখানে তিনি সক্কেয়কে রেখেছিলেন। রাস্তায় একটি গাছে উপর তার সাথে দেখা হয়েছিল। তাই যখন তিনি...ঠিক আছে, তিনি অন্য কিছু সংগঠিত করবেন না, আমি নিশ্চিত। দেখুন? তারপর যখন তিনি সেখানে আসেন, তিনি—তিনি তাকে পেয়েছিলেন, সক্কেয় তার সাথে গিয়েছিল।

128 বৃদ্ধ অন্ধ বর্‌তীময় ছোটবেলা থেকেই অন্ধ ছিলেন। সে ভাবল যীশু হয়তো সেই দরজার দিয়ে বাইরে আসবেন, তাই সে অপেক্ষা করছিল। কিছুক্ষণ পর সে অনেক আওয়াজ শুনতে পেল, আর সবাই এগিয়ে আসছে।

129 আর তিনি যাজককে বলতে শুনলেন, "এই! এই, তুমি, তুমি যে পাহাড়ে যাচ্ছ! তুমি কি—কি—কি...আমরা শুনেছি তুমি মৃতকে জীবিত কর। আমাদের এখানে তাদের পূর্ণ একটি কবরস্থান আছে।

তুমি যদি মশীহ্ হও, তুমি যদি মশীহ্ হও তবে এখানে এসে এই মৃতদের জীবিত কর।”

130 আপনারা জানেন, সেই একই শয়তান এখনো বেঁচে আছে, দেখুন, ধর্মের আকারে, একইভাবে। দেখুন?

131 “তুমি যদি মশীহ্ হও, আমরা...তুমি মৃতদের জীবিত কর; আমাদের এখানে তাদের পূর্ণ একটি কবরস্থান রয়েছে। আসো।” আর, ওহ্, সবাই চিৎকার করছে। একটা হৈচৈ, “হোশান্না ভাববাদী!” অন্য একজন *এই*, *সেই*, বা *অন্যকিছু* বলে চিৎকার করছেন। এমন এক বিভ্রান্তি!

132 এই বৃদ্ধ অন্ধ ভাবলো, “ওহ্, আমি তাকে হারিয়ে ফেলেছি। তিনি সেখানে এসেছেন, আমি ভেবেছিলাম তিনি এখানে আসবেন। আমাকে ভুল স্থানে রাখা হয়েছে।” আর সে চিৎকার করে উঠল। সে ভেবেছিলো, “তিনি যদি বাক্য হন, তিনি ঈশ্বর; তাকে হতেই হবে।” তাই, “হে যীশু, দায়ূদ সন্তান, আমার প্রতি দয়া করুন!” সেই দুঃসময়ে তিনি ডাক দিলেন।

133 এখন যীশু, যদি আপনি এটি এখানে চিহ্নিত করেন, যিরীহোতে ছিলেন। তারা যেখানে বলেছিল যে তিনি আসবেন, যীশু যেখানে ছিলেন সেখান থেকে তিনি একশ পঞ্চাশ গজ দূরে ছিলেন। হাজার হাজার লোক তার চারপাশে ভিড় করে, তিনি হয়তো সেই লোকটির আওয়াজ শুনতে পেতেন না। না। কিন্তু তিনি এটা অনুভব করলেন। তিনি থামলেন।

134 আমি কোন রাতে একটি প্রচার করতে চাই: “আর তখন যীশু থামলেন।” উহু! “আর তখন যীশু নত হলেন।” উহু!

135 কিন্তু যীশু যখন থামলেন, তখন কী হল? তাকে ডাকলেন। “প্রভু এসেছেন। উদ্বিগ্ন হবেন না,” শিষ্যরা বলল, “তিনি তোমাকে ডাকছেন। তিনি তোমাকে ডাকছেন।” সেই ভিড়ের মধ্যে থেকে তাকে ডাকলেন।

তিনি এখন সেই একই কাজ করেন। এটা কি ভিজিয়ে রাখে? দেখুন?

136 “প্রভু এসেছেন আর আপনাকে ডাকছেন।” আর তিনি তাকে অন্ধত্ব থেকে আলোতে, অন্ধকার থেকে আলোতে ডাকলেন। তিনি তাকে ডেকেছিলেন, মৃত্যু থেকে জীবনে। “প্রভু এসেছেন এবং তিনি আপনাকে ডাকছেন।” আর যখন তিনি তাকে ডাকলেন, তিনি তাকে তার দৃষ্টি ফিরিয়ে দিলেন।

137 রক্তের সমস্যায় আক্রান্ত মহিলাটি, একবার, পাহাড়ে, ডাক্তারদের জন্য তার সমস্ত অর্থ ব্যয় করেছিলেন। তিনি, কোন সন্দেহ নেই, তারা দলটি—দলটি বিক্রি করেছিল। তারা খামার—খামার বিক্রি করেছিল, এটা বন্ধক রেখেছিল। তারা চিকিৎসকদের জন্য যতটা সম্ভব ব্যয় করেছিল, তাদের কেউই তার কোনও উপকার করতে পারেনি। তার অবস্থা ক্রমাগত খারাপ থেকে খারাপ হতে থাকল। রক্ত বন্ধ হয় নি। ক্রমাগত, এটি চলতে থাকে, সে আরও গভীর থেকে গভীরতর হয়।

138 আর একদিন, সেখানে বুনন করার সময়, পর্বতের উপরে যেখানে সে থাকত, তিনি উপত্যকার দিকে তাকালেন এবং একটি নৌকা আসতে দেখেন। সবাই দৌড়াতে শুরু করে, "হোশান্না ভাববাদী!"

139 তিনি তাঁর সম্পর্কে শুনেছিলেন। বিশ্বাস শ্রবণ করার মাধ্যমে আসে। এখন সে বলল, "আমি নিচে গিয়ে তাকে দেখব।"

140 আর যখন তিনি সেখানে হেঁটে গেলেন, আর তিনি প্রথমবার ঈশ্বরের বাক্যকে দেখতে পেলেন যিনি দেহে প্রকাশপ্রাপ্ত হয়েছিল, তাঁর কথা এবং তাঁর চেহারা সম্পর্কে কিছু ছিল, যে তিনি জানতেন যে ইনিই তিনি ছিলেন। হ্যাঁ, মহাশয়। "ওহ, যদি আমি কোনোভাবে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে পারি, যদি আমি কোনোভাবে তাঁকে স্পর্শ করতে পারি!" এবং তিনি ভিড়ের মধ্য প্রবেশ করে তাঁর পোশাক স্পর্শ করলেন।

141 এখন মনে রাখবেন, এটি তার আঙুল ছিল না যা তিনি অনুভব করেছিলেন। না, মহাশয়, কারণ ফিলিস্তিনি পোশাক ঢিলেঢালা ভাবে ঝুলে থাকে। আর তিনি...তারা ব-...

পিতর বললেন, "সবাই আপনাকে স্পর্শ করছে।"

142 তিনি বললেন, "কিন্তু এটি একটি ভিন্ন স্পর্শ। আমি বুঝতে পারি যে আমি দুর্বল হয়ে পড়েছি।"

143 যীশু এসেছিলেন। তার টাকা শেষ হয়ে গেছে, সব চলে গেছে; কিন্তু সেই অন্ধকার সময়ে যখন রক্তস্রোত বন্ধ হয় নি, এবং ডাক্তাররা থামাতে পারেনি, যীশু আসেন। আর তিনি কি করেছিলেন? তিনি তাকে ডাকলেন। চারপাশে তাকাতে থাকলেন যতক্ষণ না তিনি তাকে খুঁজে পান, আর তিনি বললেন, "আপনার রক্তের সমস্যা ছিল, কিন্তু এটি বন্ধ হয়ে গেছে।"

144 “তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।” “প্রভু এসেছেন এবং তিনি আপনাকে ডাকছেন। তিনি এসেছেন এবং তিনি ডাকছেন।” তিনি তাকে সুস্থতার জন্য ডাকলেন।

145 কূপের ধারে সেই মহিলা, যার বিষয়ে আমরা গতরাতে বলেছিলাম, সমস্ত আশা শেষ হয়ে গিয়েছিল। সম্ভবত, সম্ভবত তার পঞ্চম স্বামী তাকে ছেড়ে চলে গিয়েছিল, আর সে সেই রাতে ষষ্ঠজনকে নিয়েছিল, আর সে—সে তার সম্পর্কে একটু সন্দেহের মধ্যে ছিল। নৈতিকভাবে, সে চলে গেছে। তিনি একজন সত্যিকারের মহিলা হতে চেয়েছিল; সে, নিঃসন্দেহে, সে বাইবেল পড়ছিল।

146 আর সে সেখানে যেত, প্রায় এগারোটার সময় উপরে যেত। সে খুব ভোরে আসতে পারত না যখন ধার্মিক মহিলারা আসতেন। আর তারা তাদের মাথায় তাদের জল, জলের পাত্র, নিয়ে নিচে ফিরে যেত। তাই সে আসতে পারত না, তাদের সাথে মিশতে পারত না। তাদের, সেই সময় তাদের মধ্যে একটি পৃথকীকরণ ছিল, সঠিক এবং ভুল একসাথে আসত না। অনৈতিক তাদের স্থানে থাকত, তাই সে বাকিদের সাথে আসতে পারত না। তারা তাকে আসতে দিত না। তাই সকলে জল নিয়ে ফিরে গেলে...সে আরও ভালো করার জন্য আসে।

147 আর যখন সে তার মাথায় এই পাত্রটি নিয়ে সেখানে আসে, সন্দেহ নেই সে যাচ্ছিল, ভাবছিল, “এখন, যাকে আমি বিয়ে করেছি, বা, গত রাতে পেয়েছি, আমি তাকে সন্দেহ করছি। সে একজন পুরুষ, সে খুব হাস্যকর অভিনয় করে। আমি—আমি তার বিষয়ে জানি না। আমি কোন সুযোগ পাইনি। আমি সমাজ থেকে বিতাড়িত। আর আমি সেই মণ্ডলীগুলিতে যেতে পারি না, তারা না...শুধু তাদের দেখুন! আমাকে কি করতে হবে তা জানি না। আমি কষ্টে আছি। আর আমি বাইবেল পড়ছি; নিশ্চয়ই একদিন সেই ভাববাদী দৃশ্যপটে আসবেন। এখন আমি জানি তারা দাবি করেছে যে এমন কিছু নেই, এবং এটি তাই, ‘হয়তো একশ বছর দূরে, হাজার বছর দূরে। আমরা হাজার বছর ধরে এটি খুঁজছি, আর এটি এখনও ঘটেনি, তাই আমরা এখন এটি খুঁজছি না।’ সবকিছুই তাই, ‘ওহ, না, আমরা মণ্ডলী এবং বিষয়গুলি পেয়েছি। আমাদের এখন সেরকম কোন কিছুরই দরকার নেই।’” তাই সে সেখানে দিয়ে যাচ্ছিল, ভাবছিল।

148 আপনারা জানেন, আপনি যখন তাঁর সম্পর্কে চিন্তা করেন, তখনই তিনি আপনার কাছে উপস্থিত হন। আমাদের যেমন গত রাতে হয়েছিল, যখন তারা ইম্মায়ূ এর পথে ছিল।

149 সে যখন এইসব কথা ভাবছিল, তখন সে একজন পুরুষকে বলতে শুনল, "আমাকে পান করিবার জল দেও।"

150 এই বিষয়ে কি? তার সবচেয়ে অন্ধকার সময়ে, যখন তার নৈতিকতা চলে গেছে। হয়তো একজন সুন্দর ভদ্রমহিলা, এইভাবে বসবাস করার জন্য রাস্তায় বের করে দেওয়া হয়েছে। কখনও কখনও এটি মেয়েটির দোষ নয়, এটি তার বাবা-মায়ের দোষ, তাকে এভাবে বেরিয়ে যেতে দেওয়ার জন্য। আর সেখানে সে ছিল, সম্ভবত তার সব কোঁকড়ানো চুল ঝুলন্ত অবস্থায়; সে নিঃশেষিত হয়েছিল, একা যাচ্ছিল, ক্লান্ত হয়ে, আর তার সাথে কারও কিছু করার ছিল না, শিশুটি, আর সম্ভবত এর পিছনে একটি বড় গল্প ছিল।

151 যাই হোক, আমি একটা জিনিস জানি, সে বাইবেল পড়েছিল আর বাইবেল বিশ্বাস করেছিল। আর তার হৃদয়ে একটি ছোট বীজ ছিল, বলছিল, "যদি এটি কখনও হয়, আমি তা জানব।" সে এই বিষয়ে পূর্বনির্ধারিত ছিল।

152 যিহূদাকে দেখুন সেখানে দাঁড়িয়ে সে যা করেছে তা অভিনয় করছে। এটা তার হৃদয়ের গভীরে কালো ছিল। আলো এখানে তার কাজের মধ্যে জ্বলজ্বল করছিল, কিন্তু তার অন্তরে সে এটি বিশ্বাস করেনি। আর এখানে সে...দেখুন, আলো সেখানে পৌঁছতে পারেনি। কিন্তু এখানে সে ছিল, বিশ্বাস করে, সে বিশ্বাস করেছিল, কিন্তু তার জীবন কালো হয়ে গিয়েছিল; যখন আলো পড়ল, তখন অন্ধকার দূর করে দিল। কিন্তু যখন আলো এখানে এসে পড়ল, তখন এটি পুরোটাই কালো করে দিল। এটাই পার্থক্য।

153 দেখুন, সে সেই উদ্দেশ্যেই জন্মেছিল। সে—সে বলল, যখন তিনি তাকে বললেন তার কতজন স্বামী আছে, সে...কি হয়েছিল? সে যেন একসময় উত্তেজিত হয়ে পড়ে। সে ব্যাকুল হয়ে পড়ল। সে বলল, "মহাশয়, আমি দেখিতেছি যে, আপনি ভাববাদী। আমি জানি, মশীহ আসিতেছেন, তিনি এইসকল কার্য্য করিবেন।"

154 তখন তিনি তাকে ডাকলেন। তখন তিনি তাকে ডাকলেন। "তোমার সহিত কথা কহিতেছি যে আমি, আমিই তিনি।" সে ঈশ্বরের বাক্য দ্বারা এটি চিনতে পারে। তিনি তাকে তার পাপ থেকে জীবনে ডেকেছিলেন। আর তার নাম বাইবেলে আছে, এবং সে আজ অবিনশ্বর জীবন পেয়েছে।

155 তিনি আপনাকে একইভাবে ডাকতে পারেন, কারণ তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। সেই...

156 হ্যাঁ, তার নৈতিকতা চলে গিয়েছিল, কিন্তু তবুও সে জানত যে তার সেই সূক্ষ্ম বিচারশক্তি আছে। সে জানত যে তাকে মশীহ হতে হবে। তারপর যীশু যখন বললেন, "আমিই তিনি, আমিই তিনি," সে জানত তিনি ছিলেন।

157 একবার শিষ্যরা নৌকায় উঠেছিলেন, সমস্ত আশা শেষ হয়ে গিয়েছিল। ঝড়, তারা যীশুকে ছেড়ে চলে গিয়েছিল, আর ঝড় ঠিক যেমন—ঠিক যেমনটা লাসারের বাড়ির মত। সব আশা শেষ হয়ে গিয়েছিল। ছোট নৌকা জলাবদ্ধ হয়ে পড়ে। আর তারা চিৎকার করছিল এবং কান্নাকাটি করছিল, আর সম্ভবত প্রার্থনা করছিল এবং চলছিল, আর বিদ্যুৎ চমকাচ্ছিল, এবং নৌকা জলে ভবে যায়, মাস্তুলের খুঁটি নীচে পড়ে গিয়েছিল, বৈঠা ভেঙ্গে গিয়েছিল, আর তারা একে অপরকে জড়িয়ে ধরে কাঁদছিল।

158 আর সেই সত্যিকারের অন্ধকার সময়ে, তখন যীশু হাঁটতে হাঁটতে আসেন। কিন্তু তাদের কাছে তিনি ছায়ার মত দেখাচ্ছিলেন। তিনি একটি আত্মার মত ভীতিকর লাগছিল, এবং তারা ভয়ে চিৎকার করে উঠল।

159 আজকের ব্যাপারটা এটাই। যীশু আপনার অন্ধকার সময়ের সময়ে আসেন, আর আপনি এটিকে ভয় পান। আপনি এটা কি জানেন না।

160 তারা জানত না তিনি কে। তারা বলেছিল, "ওহ, এ যে অপচ্ছায়া!" তারা চিৎকার করছিল।

161 আর তারপর তিনি তাদের ডেকে বললেন, "এ আমি, ভয় করিও না।" অন্ধকার সময়ে, যীশু এগিয়ে আসেন, তাদের সহায়। এইভাবে তিনি সর্বদা করেন, অন্ধকার সময়ে আসেন। তারপর যীশু এসে নিজেকে প্রকাশ করলেন, এবং তাদের কাছে আসলেন।

পিতর বলেছিলেন, "যদি আপনি হন, তবে আমাকে জলের উপর যাইতে আজ্ঞা করুন।"

যীশু বললেন, "আইস।"

162 আপনারা কি জানেন, বন্ধুরা? শীঘ্রই তিনি এই শেষ সময়ে তাদের জন্য আসবেন। এখন, এটা কি আশ্চর্যজনক নয় যে মণ্ডলী আবার এই অন্ধকার সময়ে এসেছে?

163 আমি এখানে কিছু বলতে যাচ্ছি। এটা কোন মতবাদ নয়। আমি শুধু ভবিষ্যদ্বাণী করছি। আপনারা জানেন কি হয়েছে? এটি একটি স্থানে আসতে চলেছে, শীঘ্রই, আমার বাক্য চিহ্নিত করে রাখুন, সমস্ত ধর্মসম্প্রদায়কে বিশ্ব পরিষদে যোগদান করতে হবে। যদি তারা

তা না করে, তবে তারা বিশ্ব পরিষদের সমর্থন পেতে পারে না। অতএব, সেখানে একটি বয়কট হবে, আর কেউ এই মণ্ডলীতে যেতে পারবে না, বা কোন গির্জায় যেতে পারবে না; যদি না আপনার নিজের চার্চ থেকে একটি চিহ্ন পান, আপনি কিনতে অথবা বিক্রি করতে পারবেন না। আপনারা দেখুন ঠিক এটি যেমন ছিল, তেমনি এটি আবার হতে চলেছে, পশুর একটি চিহ্ন। আর মণ্ডলী, তারা উপলব্ধি করছে, আধ্যাত্মিক ব্যক্তি।

164 আর আপনারা পেন্টিকোস্টাল লোকরা, যে ভাবেই হউক, এটি স্বীকৃতি দিচ্ছেন। আপনারা এটি অনুভব করতে শুরু করেছেন। যখন আপনাদের গীর্জাগুলি, পেন্টিকোস্টাল সংগঠনের অনেক; আর আমাকে আপনাদের নাম ডাকতে হবে না, তবে আপনারা এখনই জানেন তারা—তারা এর মধ্যে আসছে। তারা সাক্ষ্য দিয়েছে যে তারা ছিল। আর আপনারা যখন তা করবেন, তখন আপনাদেরকে কী করতে হবে? আপনাদেরকে পবিত্র আত্মার বাপ্তিস্ম, আপনাদের ধর্মপ্রচারক শিক্ষা হারাতে হবে। আপনাদেরকে আপনাদের বাইবেলের মতবাদ পরিত্যাগ করতে হবে।

165 আর সদস্যরা এর পক্ষে দাঁড়াবে না। সত্যিকারের নতুন জন্মপ্রাপ্ত খ্রিস্টানরা প্রথমে মারা যাবে। তাদের বাক্য দ্বারা সতর্ক করা হয়েছে। তারা জানে এই জিনিস আসছে। হ্যাঁ, মহাশয়।

166 আর এটা কি অদ্ভুত না? আর ঠিক এই অন্ধকারতম সময়ে, তখন যীশু এসে আমাদের ডাকলেন, বলেন, "ভয় পেও না। এই আমি। আমি এখনো তোমার সাথে আছি। আমি এখানে আমার বাক্য প্রকাশ করতে এসেছি।" তিনি তখন যেমন ছিলেন, এখনো তিনি তেমনি আছেন। তিনি বলেছিলেন যে তিনি তা করবেন। ওহ, আমার! প্রভু এসেছেন আর আমাদের ডাকছেন।

167 এখানে অনেক অসুস্থ মানুষ, সন্দেহ নেই যে, তারা এখানে বসে আছেন, আর ডাক্তার আপনাকে বলেছেন যে আপনার জন্য কোন—কোন আশা নেই। আপনি হয়তো আপনার সবচেয়ে অন্ধকারময় সময়ে আছেন, কিন্তু মনে রাখবেন, প্রভু এসে আপনাকে ডাকছেন।

168 আর একদিন, একদিন, প্রভু আসবেন এবং মেষশাবকের জীবন-পুস্তকে লেখা প্রতিটি নাম ডাকবেন। যদি আপনার নাম সেখানে না থাকে, তবে এখনই সেখানে নথিভুক্ত করুন, কারণ তিনি আসবেন আর ডাকবেন। এমনকি যারা কবরে আছে তারাও তাঁর কণ্ঠস্বর শুনতে পাবে এবং জীবিত হয়ে উঠবে। প্রভু আসবেন আর

আপনাকে ডাকবেন। আর আজ যখন তিনি ডাকছেন, তখন উত্তর দিন এবং সেই দিনের জন্য প্রস্তুতি নিন, এটিই আপনাদের প্রতি আমার পরামর্শ।

169 এই যুগের প্রতিশ্রুতি, তিনি প্রতিজ্ঞা করেছেন যে তিনি এখানে থাকবেন। তিনি যে সকল কার্য্য করেছেন, তিনি আবার করবেন, আর এখন পুনরায় প্রভু এসে আপনাকে ডাকছেন।

170 আসুন আমরা আমাদের মাথা নত করি। আমার কাছে এখানে প্রায় আরো ছয় পৃষ্ঠা রয়েছে, কিন্তু আমি—আমি এখন এটি যেতে পারব না। আসুন মাথা নত করি। আমি আপনাদেরকে তাড়াতাড়ি ছেড়ে দিব বলে প্রতিশ্রুতি দিয়েছিলাম, আর ইতিমধ্যেই পনোরো মিনিট বেশী সময় নিয়ে ফেলেছি।

171 স্বর্গীয় পিতা, হে প্রভু, এটি পুনরায় ঘটতে দিন। এই সকল বিষয় যেটা আমি বলেছি, "যীশু এসেছেন এবং আপনাকে ডাকছেন।" তিনি এলে তিনি কি করেন? তিনি ডাকেন। আর এটা পুনরায় ঘটতে দিন, প্রভু। আপনার পবিত্র আত্মা আজ রাতে মানুষের মাঝে আসুক, প্রভু যীশু আত্মা—আত্মার রূপে। আজ রাতে তাকে আসতে দিন এবং নিজেকে প্রকাশ করতে দিন এবং নিজেকে প্রকাশপ্রাপ্তি করুন। সেই লোকেদের মতো, তারা যেমন বিশ্বাস করেছিল, আমরাও বিশ্বাস করব, প্রভু। এখানে অনেকে আছে, হয়তো, যারা এই সুযোগ কখনোই পায়নি। আমরা প্রার্থনা করি যে আপনি আজ রাতে তাদের পুনরায় এটি প্রদান করবেন। কারণ আমরা যিশুর নামে ঈশ্বরের মহিমার জন্য এটি প্রার্থনা করি। আমেন।

172 এটা ঠিক, বোন, কিন্তু এটা নিয়ে এগিয়ে যান। সেটা ঠিক আছ্। এগিয়ে যান। ওহ, সকলে শান্ত থাকুন।

173 আপনি কি বিশ্বাস করেন যে তিনি এসেছেন? তিনি এসেছেন। যখন তিনি আসেন এখনও কি তিনি ডাকেন? এখন আপনারা যদি শুধু বিশ্বাস করেন। আপনারা যদি শুধু ঈশ্বরের বাক্যে বিশ্বাস করেন তবে ঈশ্বর তা প্রদান করবেন।

174 এখন দেখুন, আমি এখানে উপরে প্রার্থনা লাইন আহ্বান করার সময় পাইনি। আমি আজ রাতে তাদের ডাকতে যাচ্ছি, সেখানে, যদি প্রভু ইচ্ছা করেন। প্রভু এসেছেন। তিনি শেষ দিনে তাঁর বাণী পূর্ণ করতে এসেছেন। আর তখন তিনি যা ছিলেন, তিনি আজ আছেন। তখন তাঁর প্রকাশপ্রাপ্তি বা পরিচয় যা ছিল, তা আজও আছে, কারণ তিনি এখনও ঈশ্বরের বাক্য। আপনারা কি এটা বিশ্বাস করেন? এবং ঈশ্বরের বাক্য হল চিন্তাভাবনা, হৃদয়ের অভিপ্রায়ের বিচক্ষণকারী।

এবং তিনি তখন যেভাবে করেছিলেন, সেইভাবে তিনি সবসময় করে থাকেন। তিনি এখনও একই আছেন। তিনি যদি এখনই তা করেন, আপনি কি তাকে বিশ্বাস করবেন? এটা কি আপনাকে তাকে বিশ্বাস করাবে?

175 আপনারা এখন যারা বাইরে আছেন, আমাকে প্রথমে দেখতে দিন এবং দেখতে দিন যে আমার পরিচিত কেউ আছে কিনা, এখানে কোন জায়গায় স্থানে বসে আছেন, যিনি আমার পরিচিত।

176 চারপাশে যারা আছে, উপরে *এখানে*, যারা আমাকে চেনেন না, আপনাদের হাত উপরে তুলুন; আপনারা জানেন যে আমি আপনাদের সম্পর্কে কিছুই জানি না, এবং আপনারা অসুস্থ, আপনাদের হাত উপরে তুলুন। আমার অনুমান, সকলেই। ঠিক আছে, এখন, আপনারা বিশ্বাস করেন। আপনারা সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করেন। সন্দেহ করবেন না। বিশ্বাস করুন। ঈশ্বরকে বিশ্বাস করুন।

177 আমি আপনাদেরকে শান্ত হয়ে, বসে থাকতে বলব। এখন নাড়াচাড়া করবেন না, দয়া করে করবেন না। দেখুন? দেখুন? আপনি একটি—একটি প্রাণ, শরীর এবং আত্মা। আর আপনার আত্মা...এবং পবিত্র আত্মা শান্তিপ্রিয়।

178 কতজনের মনে আছে, বহু বছর আগে, সেই পবিত্র আত্মা, যখন আমি এখানে এসে আপনাদেরকে বলেছিলাম? যখন আমি লোকদের হাত ধরে, তিনি আমাকে বলেছিলেন এই বিচক্ষণতা আসবে, তারপর চলতে থাকে? আপনাদের মনে আছে, মনে আছে? কিন্তু তিনি বলেছেন, "যদি তুমি লোকদের বিশ্বাস করাতে পারো।" অনেক বছর আগের দিনের কথা মনে আছে? আপনাদেরকে বিশ্বাস করতে হবে।

179 আমি একজন লোককে দেখেছি, আমি বিশ্বাস করি যে এটি অন্য সভাতে এখানে, ঠিক সেখানে বসে ছিল। আর পবিত্র আত্মা...আমি যখন প্রচার করছিলাম তখন আমি তাকে পর্যবেক্ষণ করছিলাম। সে একজন পঙ্গু ব্যক্তি ছিল। তার হাতের নিচে ক্রাচ ছিল। আর ঠিক যখন আমি আহ্বান করতে শুরু করলাম, শয়তান লোকটার কাছে আসে, একটি কালো ছায়া। আর আমি নিজের চোখে দেখেছি। সে উঠে বেরিয়ে গেল। সে সবসময় পঙ্গু থাকবে, দেখুন। আর তাই, সে, সেই স্থানে যেখানে সে সুস্থ হয়ে উঠবে যদি সে শুধু—শুধু...দেখুন? কিন্তু, আমি জানি না কেন। আমার মনে হয় সে শত্রুর কথা শুনেছিল। কিন্তু আপনি যদি দাঁড়িয়ে

সেই ছায়াগুলো দেখেন, এই জিনিসগুলিকে আকারে দেখেন, তারা যেরকম হয়, আর তারা যেভাবে কাজ করে তা দেখেন। দেখুন, এটা...

180 এখন, আমি আরোগ্যপ্রদান করতে পারি না। যে লোকটি আপনাকে বলে যে সে আপনাকে আরোগ্যপ্রদান করতে পারে, সে ভুল। আপনি ইতিমধ্যে আরোগ্য লাভ করেছেন। কিন্তু, এটা যীশু খ্রীষ্টের উপস্থিতি স্বীকার করা। এখন যদি মার্থা জানত যে সে যদি তাকে আবার দেখতে পায়, তাহলে সে তার ইচ্ছা পূরণ করবে, কারণ তিনিই প্রকাশপ্রাপ্ত বাক্য ছিলেন, আমরা কি আজ রাতে এতটুকু বিশ্বাস করতে পারি না? অবশ্যই, আমাদের উচিত। তিনি এসেছেন। তিনি এসেছেন, তিনি পবিত্র আত্মা রূপে এসেছেন। এটাই তিনি। এখন আপনারা শুধু প্রার্থনা করুন।

181 দেখুন, এখানে, যদি এখানে কেউ দাঁড়িয়ে থাকে, ঠিক এখানে আমার পাশে, শুধু—শুধু প্রার্থনা করে; আপনারা দেখুন, অনেক লোক প্রার্থনা করছে, এটি পুরো ভবন জুড়ে। আপনি শুধু এটা লক্ষ্য করুন। আপনি বলতে পারবেন না, "বলুন, ভাই ব্রানহাম..." না মহাশয়। আমি—আমি এটা করতে পারিনি, আপনি আমাকে স্বপ্ন দেখাতে পারবেন না। দেখুন? আপনি স্বপ্ন দেখতে পারেন। আপনি, ঈশ্বর আপনাকে আমার বিষয়ে স্বপ্ন দেখাতে পারেন, আপনারা এটি বিশ্বাস করেন, কিন্তু আপনি নিজে তা করতে পারবেন না। আপনি বলতে পারবেন না যে, "ভাই ব্রানহাম, আমি এখন আপনাকে নিয়ে একটি স্বপ্ন দেখতে যাচ্ছি।" না, আপনি এটা করতে পারবেন না। না আমি কোন দর্শন দেখতে পাব। যে আপনাকে স্বপ্ন দেয়, তাকেই তা করতে হবে। একইভাবে এটি একটি দর্শনের দ্বারা।

182 আমি এখানে সারির শেষে একজন লোককে বাত নিয়ে বসে থাকতে দেখি। যদি তিনি তার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন, তবে ঈশ্বর তাকে বাত থেকে আরোগ্যপ্রদান করবেন। আপনি কি বিশ্বাস করেন যে তিনি এটা করবেন, মহাশয়? সারির শেষ প্রান্তে বসে আছেন মেক্সিকান ব্যক্তি, আপনি কি বিশ্বাস করবেন? ঠিক আছে, মহাশয়।

183 আপনার পাশে যে ভদ্রমহিলা বসে আছেন, তারও বাতের সমস্যা আছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন, ভদ্রমহিলা? (*এটি* কি প্রতিফলিত হচ্ছে? আমার মনে হয় যে লোকেরা এটি শুনতে পাচ্ছে না।) আপনি কি করবেন? ঠিক আছে।

184 তার পাশে বসে থাকা অন্য মেক্সিকান ভদ্রমহিলাটির বিষয়ে কি? তিনি পেটের সমস্যায় ভুগছেন। ভদ্রমহিলা, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার পেট সুস্থ করবেন?

185 তিনি বুঝতে পেরেছেন। যখন আমি দেখি যে আলো নিভে গেছে, তার মানে এটা ঘটেছে। হ্যাঁ। এটাই। এটা তাকে আঘাত করেছে। সেখানে এটা ছিল, চারপাশে ঘূর্ণায়মান...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...যিনি এটা করেন। দেখুন? যখন তিনি বিশ্বাস খুঁজে পাবেন! দেখুন, "তাদের অবিশ্বাসের কারণে তিনি অনেক কিছুই করতে পারেননি।"

186 এখানে একজন ভদ্রমহিলা এখানে বসে প্রার্থনা করছেন। তিনি ভীত। তার হওয়া উচিত। তার ক্যান্সারের অবস্থা হয়েছে, সত্যিই খারাপ। আমি আপনাকে চিনি না, কিন্তু ঈশ্বর আপনাকে জানেন। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আমাকে এই ক্যান্সার সম্পর্কে বলতে পারেন, অথবা অন্য কিছু? আমার দিকে দেখুন। সেখানে অনেক লোক প্রার্থনা করছে, আপনি দেখুন, আমি এটির জন্য বলছি। আমাদের দিকে দেখুন। এখন, হ্যাঁ, আপনি এখানকার নন, এটি আপনার বাড়ি নয়। আপনি পোর্টারভিল, ক্যালিফোর্নিয়ার একটি জায়গা থেকে এসেছেন। সেটা ঠিক। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আমাকে বলতে পারেন আপনি কে? তিনি জানেন। আপনার নাম মিসেস উইনথাম। সেটা ঠিক। এখন বিশ্বাস করুন, এবং ক্যান্সার আপনাকে ছেড়ে চলে যাবে। "যদি বিশ্বাস করতে পারো।" এটাই ঈশ্বর আপনাকে করতে বলেছেন। "যদি বিশ্বাস করতে পারো।"

187 আপনি কি মন দিয়ে বিশ্বাস করেন না? এখানে *এই* অংশে কেউ, আপনি কি বিশ্বাস করতে পারেন না? প্রভু এসে আপনাকে ডেকেছেন। তিনি আপনাকে মৃত্যু থেকে জীবনে, অসুস্থতা থেকে সুস্থতার দিকে ডাকছেন।

188 এখানে একজন লোক বসে আছেন, মাথা নিচু করে প্রার্থনা করছেন। তিনি সত্যিই নিজের জন্য প্রার্থনা করছেন না, তিনি অন্য কারো জন্য প্রার্থনা করছেন। এটি একটা—একটি মেয়ে। এটি তার মেয়ে। আপনি কি বিশ্বাস করেন, মহাশয়? আপনার পায়ের সমস্যা আছে। আপনার হাঁটুতে সমস্যা আছে। সেটা ঠিক। কান্নার দরকার নেই, তিনিই আপনার কাছে আছেন। আপনার মেয়ে হাসপাতালে, তাই না? যক্ষ্মারোগ হয়েছে। আপনি বিশ্বাস করেন। আপনি কি বিশ্বাস করেন? প্রভু এসে তাকে ডাকছেন। আপনি কি তার পিতা হিসাবে বিশ্বাস করবেন? আপনি কি করবেন? তিনি আজ রাতে

যেন তার সাথে, এবং আপনার সাথে দেখা করেন। এটা যেন শেষ হয়ে যায়।

189 এখানে একটি ছোট ছেলে, বাদামী মুখমন্ডল বালক। তাঁর চর্মরোগে হয়েছে, আর হাঁপানি, একটা ছোট্ট মেক্সিকান ছেলে, মেক্সিকান ছেলে সেখানে বসে আছে। সে এখানকার নয়। সে সান জোসে থেকে এসেছে। তুমি কি বিশ্বাস কর, পুত্র ? আরেকটা বিষয়, তোমার বাবা এখানে তোমার সাথে আছেন। তিনি একজন সেবক। সেটা ঠিক। তুমি কি বিশ্বাস কর যে ঈশ্বর আমাকে বলতে পারেন তোমার নাম কি ? এটা কি সত্যিই তোমাকে দৃঢ় বিশ্বাস করতে সাহায্য করবে ? তোমার নাম রুবেন। এখন বিশ্বাস কর। উম-হুম। ঈশ্বর তোমাকে সুস্থ করে দিবেন।

190 প্রভু এসেছেন এবং তিনি আপনাকে ডাকছেন। ওহ, পাপী, ওহ, অসুস্থ ব্যক্তি, আপনারা কি প্রভুকে একজন মানুষের মধ্যে, বিশ্বাসীদের মধ্যে প্রকাশিত হতে দেখতে পাচ্ছেন না ? তিনি তার বিশ্বাসী সন্তানদের সুস্থতায় ডাকতে এসেছেন। তিনি এসেছেন পাপীকে মন ফিরানোর জন্য ডাক দিতে। বিপথগামী, গির্জার সদস্য, প্রভু এসেছেন এবং আপনাকে ডাকছেন।

191 আপনি কি এটি বিশ্বাস করেন ? আপনি এই মুহূর্তে আপনার প্রয়োজনের জন্য এটি বিশ্বাস করেন ? যদি করেন, আপনার হাত উপরে তুলে বলুন, "আমি আমার প্রয়োজনে জন্য বিশ্বাস করি।" তাহলে এখন আপনার পায়ে উঠে দাঁড়ান এবং এটি গ্রহণ করুন। প্রভু এসে আপনাকে ডাকছেন। আর আপনি যেই হোন না কেন, আপনার যা কিছু প্রয়োজন, প্রভু এসেছেন এবং তিনি আপনাকে ডাকছেন। তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।

192 সেই মহিলা শহরে গিয়ে বলেছিলেন, "আসুন, একজন ব্যক্তিকে দেখুন যিনি আমাকে বলেছেন অন্যায়টি কি।" আপনি শহরে যাননি। আপনি এসে দেখেছেন, তাই প্রভু এসেছেন আর আপনাকে ডাকছেন।

193 আপনার হাত তুলে তাঁর প্রশংসা করুন এবং বলুন, "প্রভু যীশু, আমি একজন পাপী; আমাকে ক্ষমা করুন। আমি একজন বিপথগামী; আমাকে ফিরিয়ে আনুন, প্রভু। আমি পবিত্র আত্মা চাই; আমাকে পূর্ণ করুন। আমি অসুস্থ; আমাকে সুস্থ করুন। আমি পঙ্গু; আমাকে ঠিক করুন।" প্রভু এসেছেন আর আপনাকে ডাকছেন। এখন আপনার হাত উপরে তুলুন এবং তাঁর প্রশংসা করুন। আমেন।

194 (আমাদের একটি সুর দিন, "আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব।" আপনি জানেন? *আমি তাঁর প্রশংসা করব*। আপনি এটি জানেন, তাই না?)

আপনারা কি বিশ্বাস করেন?

আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব,
ওহ, পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;
তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

195 আপনি তাকে ভালোবাসেন? এখন তিনি এখানে থাকাকালীন তাঁর জন্য গান গাইতে ভালোবাসেন না? তিনি একটি আত্মা ভবনের মধ্যে দিয়ে ঘুরে বেড়াচ্ছেন। তিনি আপনার হৃদয়ের ভাবনা জানেন, আপনার সম্পর্কে সবকিছু জানেন। আসুন আমরা আমাদের সমস্ত হৃদয় দিয়ে তার জন্য গান করি।

আমি তাঁর প্রশংসা করব...

যখন আপনারা এটি গাইছেন তখন আপনার হাত উপরে তুলুন।

আমি...

এখন শুধু তাঁর প্রশংসা করুন।

...তাঁর প্রশংসা করুন,
ওহ, পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;
ওহ, তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

196 ওহ, ভদ্রমহিলা, আপনি হুইলচেয়ারে আছেন, যদি আপনি সেখানে আরও একটু বেশী বিশ্বাস করেন।

আমি...

আরো একবার চেষ্টা করা যাক। আমি কিছুর জন্য অপেক্ষা করছি।

আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব,
ওহ, পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;

তোমরা সকলে তাঁকে মহিমা দাও,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

197 এখন আমরা যখন আবার সেই গান গাই, তখন ঘুরে দাঁড়াই, কারো হাত ধরি, গাইতে গাইতে, গান, "আমি তাঁর প্রশংসা করব।" আসুন, সকলে একসাথে।

আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব,
নিহত পাপীদের জন্য মেষশাবকের প্রশংসা কর;
তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

198 ওহ, পাপী বন্ধু, আপনি কি এখন এখানে হাঁটবেন না? আপনারা সকলে, উঠে এসে তাঁর প্রশংসা করুন। আপনারা সকলে যারা তাকে পরিত্রাতা হিসাবে স্বীকার করতে চান। তাঁর সান্নিধ্যে, যখন পবিত্রগণ আত্মায় উপাসনা করছেন, আপনি কি এখানে এসে দাঁড়াবেন না? বলুন, "আমি আজ রাতে সাক্ষ্য দিতে চাই। আমি তাঁর প্রশংসা করতে চাই। আমি আসতে চাই। আমি তার জন্য লজ্জিত নই। আমি বিশ্বকে জানাতে চাই যে আমি তাকে আমার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করি, এখানে তিনি উপস্থিত থাকাকালীন।" আসুন যখন আমরা এই গান গাই।

আমি তাঁর প্রশংসা করব...

আপনারা কি আসবেন না?

...আমি তাঁর প্রশংসা করব,
ওহ, পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;
ওহ, তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

199 ওহ, এটাই, ভদ্রমহিলা, এখনই আসুন। আর কে আসবে, খ্রীষ্টের উপস্থিতিতে? এখানে আসুন, বোন, এখানে দাঁড়ান।

200 অন্য কোন ব্যক্তি যিনি তাকে আপনার পরিত্রাতা করতে চান, এই মুহূর্তে, যিনি লজ্জিত নন। তিনি বলেছেন, "কেননা যে কেহ আমাকে মনুষ্যের নিকট লজ্জার বিষয় জ্ঞান করে, আমি পিতার ও পবিত্র দূতগণের নিকট তখন তাহাকে লজ্জার বিষয় জ্ঞান করিব।" আপনি যদি এখন তাঁর জন্য লজ্জিত না হন, এবং আপনি তাঁকে আপনার পরিত্রাতার জন্য চান, যখন তিনি এখানে আছেন! আপনারা তাকে দেখেছেন। এটি নির্ভুল, বাক্য নিজেই এটিকে

প্রকাশ করে। পবিত্রগণ এখন আরাধনা করছেন এখন চলে আসুন। আপনারা কি আসবেন না ?

201 ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, মহাশয়। এখানে একজন বৃদ্ধ মহিলা এসেছেন, অনেক বয়স হয়েছে। এখন আপনারা কি আসবেন না ?

আমি...

এটি গান করুন।

...আমি প্রশংসা করব...

202 এটা ঠিক, তরুণ ব্যক্তিরা, পাশে আসুন। শুধু প্রশংসা করুন। ভদ্রমহিলা, ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, এভাবেই এটি করতে হয়। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন, যুবকরা।

...পাপীদের জন্য নিহত;
তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

203 সেবকেরা যখন এই লোকগুলোর কাছে যান এখন আর কেউ কি আসবে না ? বিপথগামী, আপনি কি আসবেন, বলুন, "আমি আমার জীবনের জন্য লজ্জিত" ? এখানে তিনি আছেন। আপনি কি আমাকে ঈশ্বরের সেবক বলে বিশ্বাস করেন ? আপনার হাত উপরে তুলুন। কেন, যীশু খ্রীষ্ট আমাদের মাঝে আছেন। আপনারা কি আসবেন না ?

তাঁর মহিমা কর...

আপনারা কি তার মহিমা করতে আসবেন না ?

...মানুষ,
কারণ তাঁর রক্ত ধুয়ে দিয়েছে...

204 মার্থা, আপনি কি আসছেন, নাকি মরিয়মের সাথে ঘরে বসে থাকবেন ? আপনি কি কোন প্রতিষ্ঠানে ফিরে যাবেন, আর বলবেন, "ওহ, আমার গির্জা এভাবে বিশ্বাস করে না," যখন খ্রীষ্ট প্রকাশিত হয় ? আপনি কি বসে থেকে সেটা বলতে যাচ্ছেন, নাকি আপনি বেরিয়ে আসবেন ? "ঠিক আছে, আমি আপনাকে বলব, যখন আমি..." না। আজ, এই সময়। মৃত্যু তোমার পাশে ঝুলছে, যায়ীরের মেয়ের মতো।

205 এখন আসুন! বিপথগামীরা, এখন আসুন। পাপীরা, এখন আসুন। এখনই সময়। প্রভু এসেছেন এবং তিনি আপনাকে ডাকছেন। তিনি আপনাকে ডাকছেন। আপনারা বলেন, "আমি কিভাবে

জানবো?” তিনি আমার কণ্ঠস্বর ব্যবহার করছেন। তিনি যদি অসুস্থতা, দুর্দশা এবং বিষয়গুলি বলার জন্য আমার কণ্ঠস্বর ব্যবহার করেন, আপনি কি জানেন না যে তিনি পাপের জন্যও ডাকছেন? বেরিয়ে আসুন! এখন আসুন, এটি আপনার কাছে শেষ সুযোগ হতে পারে।

206 আরো একবার, এখানে আরো আছে যাদের আসা উচিত, বন্ধুরা। আমি আপনাদেরকে বিব্রত করতে চাই না, আপনাদেরকে এভাবে ডেকে। এটা ঠিক নয়। যদি আপনারা মাঝে মাঝে হতে পারে...সেই ফরীশীরা ভেবেছিল যে তারা রক্ষা পেয়েছে, কিন্তু তারা পায়নি। আপনারা একই জিনিস চিন্তা করছেন। এখন আসুন।

207 নিশ্চিত হন! শুধু একটি অর্ধেক ঝুঁকি গ্রহণ করবেন না। যদি আপনার মনে একটুও সন্দেহ থাকে তবে কোন ঝুঁকি নেবেন না। এখনি আসুন। এখনই সময়, এখন যখন ঝরনা প্রবাহিত হচ্ছে, যখন পবিত্র আত্মা এখানে আছেন। প্রভু এসেছেন। সেই সামান্য সন্দেহ, তিনি আপনাকে বলার চেষ্টা করছেন, “আপনি সন্দেহ করছেন।” এটা ছেড়ে দিন। এখনি আসুন। প্রভু এসেছেন আর আপনাকে ডাকছেন। এটা ঠিক, আসতে থাকুন, আসতে থাকুন।

আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব,

আপনি কি তাঁর প্রশংসা করতে আসবেন না?

পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;
তোমরা সকলে তাঁর মহিমা কর,
কারণ তাঁর রক্ত প্রতিটি দাগ ধুয়ে দিয়েছে।

208 এখন যখন পাপীরা আসছেন, তাঁকে দাবি করতে, সকলে তাঁর প্রশংসা করুন, যেমন আমরা এখন গাই। আপনার হাত উপরে তুলে, তাঁর প্রশংসা করতে গান করুন, এখন, সবাই একসাথে:

আমি তাঁর প্রশংসা করব, আমি তাঁর প্রশংসা করব,
পাপীদের জন্য নিহত মেষশাবকের প্রশংসা কর;

209 তাকে প্রশংসা প্রদান করুন! আপনি এখানে আশেপাশের সকলে, প্রার্থনা করুন, তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন। এটাই তিনি করবেন। প্রভু এসেছেন আর আপনাকে ডাকছেন। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

***তখন যীশু আসিলেন আর ডাকিলেন*** BEN64-0213

(Then Jesus Came And Called)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় বৃহস্পতিবার সন্ধ্যায়, ১৩ ফেব্রুয়ারী, ১৯৬৪ খ্রীষ্টাব্দে, ক্যালিফোর্নিয়া, মার্কিন যুক্তরাষ্ট্রের তুলারের এলিয়ট অডিটোরিয়ামে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org